




বার্ষিক প্রতিবেদন

২০১২-১৩



গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড

www.nbr-bd.org
www.nbr.gov.bd

ভূমিকা

জাতীয় রাজস্ব বোর্ডের বার্ষিক প্রতিবেদন ১৯৯২-৯৩ অর্থবছর হতে প্রকাশিত হয়ে আসছে। এরই ধারাবাহিকতায় ২০১২-১৩ অর্থবছরের কর্মকাণ্ডের উপর আলোচ্য প্রতিবেদন তৈরী করা হয়েছে। প্রতিবেদনটিতে দেশের কর ব্যবস্থা এবং জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন প্রত্যক্ষ ও পরোক্ষ কর আহরণ সম্পর্কিত তথ্যাবলী সন্নিবেশ করা হয়েছে।

বর্তমান প্রতিবেদনটিতে মোট তিনটি অংশে তথ্য, উপাত্ত ও পরিসংখ্যান সন্নিবেশ করা হয়েছে। প্রথম অংশে রয়েছে জাতীয় রাজস্ব বোর্ডের পরিচিতি, রাজস্ব পর্যালোচনা এবং ২০১২-১৩ অর্থবছরে বাজেটে গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপসমূহ। দ্বিতীয় অংশে রয়েছে জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্ত্রণাধীন প্রত্যক্ষ কর ও পরোক্ষ কর বিষয়ক আলোচনা এবং তৃতীয় অংশে রাজস্ব আয় ও বিবিধ তথ্য সম্বলিত সারণীসমূহ সন্নিবেশ করা হয়েছে।

সরকারি কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় এ ধরনের বার্ষিক প্রতিবেদন একটি প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ দলিল বলে আমরা মনে করি। প্রতিবেদনটি জাতীয় রাজস্ব বোর্ড ও এর অধীনস্থ মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণের প্রয়োজন মেটানো ছাড়াও গবেষক, শিক্ষার্থী, ব্যবসায়ী সম্প্রদায়, রাজস্ব বিষয়ে উৎসাহী ব্যক্তিবর্গ ও প্রতিষ্ঠানের প্রয়োজন অনেকাংশে মেটাতে সক্ষম হবে এবং জাতীয় অর্থনৈতিক কর্মকাণ্ড সংক্রান্ত নীতি নির্ধারণ ও পরিকল্পনা প্রণয়নে সহায়ক হবে বলে আমরা মনে করি।

প্রতিবেদনটির উত্তরোত্তর উন্নয়নের জন্য যেকোন যৌক্তিক পরামর্শকে স্বাগত জানানো হবে। এটি সংকলন ও সম্পাদনার সাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত সকলকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানাচ্ছি।

তারিখ, ঢাকা।

-----, ১৪২১ বঙ্গাব্দ
-----, ২০১৪ খ্রিষ্টাব্দ

(মোঃ গোলাম হোসেন)

সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

সূচীপত্র

প্রথম অংশ

ক্রমিক নং

বিষয়

পৃষ্ঠা নং

০১।	জাতীয় রাজস্ব বোর্ডের পরিচিতি	৩-৮
০২।	সরকারের মোট রাজস্ব ও জিডিপি পরিস্থিতি	৫
০৩।	সরকারের মোট রাজস্ব ও জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সংগৃহীত রাজস্ব পরিস্থিতি	৫
০৪।	২০১২-১৩ অর্থবছরের রাজস্ব লক্ষ্যমাত্রা ও আদায় পরিস্থিতি	৬-৭
০৫।	২০১২-১৩ অর্থবছরের জাতীয় রাজস্ব বোর্ডের জন্য নির্ধারিত রাজস্ব লক্ষ্যমাত্রা ও আদায় পরিস্থিতি	৭-১১
০৬।	জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আদায়কৃত রাজস্বের বিপরীতে প্রশাসনিক ব্যয়	১১
০৭।	২০১২-১৩ অর্থবছরের প্রত্যক্ষ কর ও পরোক্ষ কর ব্যবস্থায় গৃহীত উল্লেখযোগ্য কিছু পদক্ষেপ	১২-১৬

দ্বিতীয় অংশ

ক্রমিক নং

বিষয়

পৃষ্ঠা নং

০১।	প্রত্যক্ষ কর বিষয়ক পর্যালোচনা	১৯-২৫
০২।	পরোক্ষ কর বিষয়ক পর্যালোচনা	২৬-৩৮

তৃতীয় অংশ

(সারণী)

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নং
সারণী-১	২০০০-০১ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত জিডিপি, কর রাজস্ব, কর বহির্ভূত রাজস্ব ও মোট রাজস্ব আদায়ের পরিমাণ, জাতীয় রাজস্ব বোর্ডের রাজস্ব, কর রাজস্ব এবং মোট রাজস্ব ও জিডিপির অনুপাত	৪১
সারণী-২	২০০০-০১ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত জিডিপি, কর রাজস্ব, কর বহির্ভূত রাজস্ব ও মোট রাজস্বের প্রবৃদ্ধি	৪২
সারণী-৪	২০০০-০১ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত কর রাজস্ব, কর বহির্ভূত রাজস্ব ও মোট রাজস্ব আদায়ের পরিমাণ, কর রাজস্ব ও মোট রাজস্বের অনুপাত	৪৪

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নং
সারণী-৫	২০১২-১৩ অর্থবছরে কর রাজস্ব এবং কর বহির্ভূত রাজস্বের খাতভিত্তিক লক্ষ্যমাত্রা ও মোট লক্ষ্যমাত্রার শতকরা হার, খাতভিত্তিক আদায় ও আদায়ের শতকরা হার এবং লক্ষ্যমাত্রা অর্জনের হার	৪৫
সারণী-৬	২০০৭-০৮ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত আমদানি, রপ্তানি ও স্থানীয় পর্যায়ের রাজস্ব, আয়কর এবং অন্যান্য কর ও শুল্কের ক্ষেত্রে আদায়কৃত রাজস্ব ও মোট আদায়কৃত রাজস্বের অংশ	৪৬
সারণী-৭	২০১২-১৩ অর্থবছরে মাসভিত্তিক রাজস্ব লক্ষ্যমাত্রা ও আদায়	৪৭
সারণী-৮	২০০০-০১ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত জাতীয় রাজস্ব বোর্ডের জন্য নির্ধারিত মূল ও সংশোধিত রাজস্ব লক্ষ্যমাত্রা, মূল লক্ষ্যমাত্রার সাথে সংশোধিত লক্ষ্যমাত্রার হ্রাস বৃদ্ধির হার, রাজস্ব আদায়ের পরিমাণ এবং লক্ষ্যমাত্রা অর্জনের হার	৪৮
সারণী-৯	২০০০-০১ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত প্রত্যক্ষ করের খাতভিত্তিক রাজস্ব আদায়, প্রবৃদ্ধি এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মোট আদায়ের অনুপাত	৪৯
সারণী-১০	২০১২-১৩ অর্থবছরে কাস্টম হাউস ও কমিশনারেট ভিত্তিক পরোক্ষ করের লক্ষ্যমাত্রা ও আদায়	৫০
সারণী-১১	২০০০-০১ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত পরোক্ষ কর আদায়ের পরিমাণ ও প্রবৃদ্ধি	৫১
সারণী-১২	২০০০-০১ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত আদায়কৃত মোট রাজস্বে প্রত্যক্ষ কর ও পরোক্ষ করের অংশ	৫২
সারণী-১৩	২০১০-১১ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত জাতীয় রাজস্ব বোর্ডের অধীন বিভিন্ন খাতের শুল্ক করাদির খাতভিত্তিক লক্ষ্যমাত্রা, আদায় এবং লক্ষ্যমাত্রা ও আদায়ের হ্রাস/বৃদ্ধি ও প্রবৃদ্ধি	৫৩
সারণী-১৪	২০০৫-০৬ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত প্রত্যক্ষ কর ও পরোক্ষ করের বিভিন্ন প্রকার শুল্ক করাদির খাতভিত্তিক মূল লক্ষ্যমাত্রা, সংশোধিত লক্ষ্যমাত্রা ও আদায়	৫৪
সারণী-১৫	২০১২-১৩ অর্থবছরে প্রত্যক্ষ কর ও পরোক্ষ করের খাতভিত্তিক মাসওয়ারী রাজস্ব আদায়	৫৫
সারণী-১৬	২০১২-১৩ অর্থবছরে প্রত্যক্ষ কর ও পরোক্ষ করের খাতভিত্তিক মাসওয়ারী রাজস্ব আদায়	৫৬
সারণী-১৭	২০০৮-০৯ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত খাতওয়ারী অর্ধ-বার্ষিক ভিত্তিক রাজস্ব আদায়ের পরিস্থিতি	৫৭
সারণী-১৮	২০১২-১৩ অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ডের আদায়কৃত বকেয়া রাজস্ব পরিস্থিতি	৫৮
সারণী-১৯	২০১২-১৩ অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ড ও এর নিয়ন্ত্রণাধীন প্রত্যক্ষ কর ও পরোক্ষ কর সংশ্লিষ্ট দণ্ডের সমূহের প্রশাসনিক ব্যয়ের বাজেট ও প্রকৃত প্রশাসনিক ব্যয়	৫৯

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নং
সারণী-২০	২০১২-১৩ অর্থবছরে রাজস্ব আদায়ের বিপরীতে জাতীয় রাজস্ব বোর্ডের প্রশাসনিক ব্যয়	৬০
সারণী-২০ (ক)	২০১২-১৩ অর্থবছরে আদায়কৃত প্রত্যক্ষ কর ও পরোক্ষ করের ক্ষেত্রে প্রশাসনিক ব্যয়	৬০
সারণী-২১	২০১২-১৩ অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ড ও এর নিয়ন্ত্রণাধীন দণ্ডের সমূহের জনবল	৬১
সারণী-২২	২০১২-১৩ অর্থবছরে অন্যান্য কর ও শুল্কের মাসভিত্তিক আদায়	৬২
সারণী-২৩	২০১২-১৩ অর্থবছরে কর অঞ্চলভিত্তিক মাসওয়ারী বৈদেশিক ভ্রমণ কর আদায়	৬৩
সারণী-২৪	২০১২-১৩ অর্থবছরে কর অঞ্চলভিত্তিক আয়করের লক্ষ্যমাত্রা ও আদায়	৬৪
সারণী-২৫	২০১২-১৩ অর্থবছরে কর অঞ্চলভিত্তিক আয়করের মাসিক লক্ষ্যমাত্রা	৬৫
সারণী-২৬	২০১২-১৩ অর্থবছরে কর অঞ্চলভিত্তিক মাসিক আয়কর আদায়	৬৬
সারণী-২৭	২০১২-১৩ অর্থবছরে কর অঞ্চলভিত্তিক গ্রস আদায়, ফেরত ও নীট আদায়	৬৭
সারণী-২৮	২০১২-১৩ অর্থবছরে কয়েকটি বৃহৎ খাতের আয়কর আদায়	৬৮
সারণী-২৯	২০১২-১৩ অর্থবছরে উৎসে আয়কর আদায়ের প্রধান খাতসমূহ থেকে উৎসে আয়কর আদায়ের পরিমাণ ও মোট উৎসে কর্তনের শতকরা অংশ	৬৯-৭০
সারণী-৩০	২০১২-১৩ অর্থবছরে উৎসে কর্তনের প্রধান খাতসমূহের কর অঞ্চলভিত্তিক উৎসে আয়কর আদায়	৭১-৭৪
সারণী-৩১	২০১২-১৩ অর্থবছরের কয়েকটি বৃহৎ খাতের অঞ্চলভিত্তিক উৎসে কর্তন, ৬৪ ধারায় প্রদত্ত অগ্রিম আয়কর ও ৭৪ ধারায় রিটার্নের ভিত্তিতে প্রদত্ত আয়কর	৭৫
সারণী-৩২	২০০০-০১ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত কোম্পানী ও কোম্পানী ব্যতিত আয়কর আদায়	৭৬
সারণী-৩৩	২০১২-১৩ অর্থবছরে কর অঞ্চলভিত্তিক বকেয়া আয়কর ও আদায়কৃত বকেয়া আয়কর	৭৭
সারণী-৩৪	২০১২-১৩ অর্থবছরে কর অঞ্চলভিত্তিক আয়কর দাবী ও দাবী আদায়	৭৮-৭৯
সারণী-৩৫	২০১২-১৩ অর্থবছরে আয়ের শ্রেণিভিত্তিক আয়কর মামলার সংখ্যা ও নিস্পত্ন মামলার সংখ্যা (কোম্পানী)	৮০
সারণী-৩৬	২০১২-১৩ অর্থবছরে আয়ের শ্রেণিভিত্তিক আয়কর মামলার সংখ্যা ও নিস্পত্ন মামলার সংখ্যা (কোম্পানী ব্যতিত)	৮০
সারণী-৩৭	২০১২-১৩ অর্থবছরে পাবলিক লিমিটেড কোম্পানীসমূহের মামলা সংক্রান্ত তথ্যাদি	৮১
সারণী-৩৮	২০১২-১৩ অর্থবছরে প্রাইভেট লিমিটেড কোম্পানীসমূহের মামলা সংক্রান্ত তথ্যাদি	৮২
সারণী-৩৯	২০১২-১৩ অর্থবছরে ব্যক্তি শ্রেণির তথ্যাদি	৮৩
সারণী-৪০	২০১২-১৩ অর্থবছরে আয়ভেদে কোম্পানী কেস ও করদাতার সংখ্যা এবং রাজস্ব	৮৪
সারণী-৪১	২০১২-১৩ অর্থবছরে আয়ভেদে (কোম্পানী ব্যতিত) করদাতার সংখ্যা এবং রাজস্ব সংক্রান্ত তথ্যাদি	৮৫
সারণী-৪২	২০১২-১৩ অর্থবছরে কর অঞ্চলভিত্তিক বৈতনিক মামলা এবং স্বনির্বারনী মামলার সংখ্যা	৮৬
সারণী-৪৩	২০১২-১৩ অর্থবছরে কর আপীল অঞ্চলভিত্তিক আপীল কেসের সংখ্যা	৮৭
সারণী-৪৪	২০০৯-১০ থেকে ২০১২-১৩ অর্থবছরের কর আপীলাত ট্রাইবুনাল, ঢাকা এবং আপীল মামলার তথ্য	৮৮

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নং
সারণী-৪৫	২০১২-১৩ অর্থবছরের অপ্তেলভিত্তিক কোম্পানী, বৈতনিক, কোম্পানী ও বৈতনিক ব্যতীত করদাতার সংখ্যা এবং মোট করদাতার শতকরা হার	৮৯
সারণী-৪৬	২০১২-১৩ অর্থবছরে আয়ের শ্রেণিভিত্তিক আয়কর মামলার সংখ্যা ও নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	৯০
সারণী-৪৬ (ক)	২০১২-১৩ অর্থবছরে কর অপ্তেলভিত্তিক আয়কর মামলার সংখ্যা ও নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	৯১
সারণী-৪৭	২০১২-১৩ অর্থবছরে Section-45, 46 & 46 (A) এবং S.R.O এর অধীন কর অবকাশ ও অব্যাহতিপ্রাপ্ত করদাতার সংখ্যা এবং জড়িত রাজস্বের পরিমাণ	৯২
সারণী-৪৮	২০১২-১৩ অর্থবছর পর্যন্ত বাংলাদেশের সাথে দ্বৈতকর পরিহার এবং কর ফাঁকি রোধ চুক্তিবদ্ধ দেশসমূহের তালিকা	৯৩
সারণী-৪৯	২০১২-১৩ অর্থবছরে বিসিএস (কর) একাডেমী কর্তৃক সম্পাদিত প্রশিক্ষণ	৯৪-৯৫
সারণী-৫০	২০১২-১৩ অর্থবছরে কাস্টম হাউস ও কমিশনারেটভিত্তিক আমদানি ও রপ্তানি পর্যায়ে রাজস্ব লক্ষ্যমাত্রা, আদায়, লক্ষ্যমাত্রা অর্জনের হার এবং আমদানি ও রপ্তানি পর্যায়ে মোট আদায়ের অংশ	৯৬
সারণী-৫১	২০১২-১৩ অর্থবছরে বিভিন্ন কাস্টম হাউস ও কমিশনারেটের আমদানি ও রপ্তানি পর্যায়ে খাতভিত্তিক রাজস্ব লক্ষ্যমাত্রা ও আদায়	৯৭
সারণী-৫২	২০১২-১৩ অর্থবছরে আমদানি ও রপ্তানি পর্যায়ে খাতভিত্তিক মাসিক রাজস্ব লক্ষ্যমাত্রা ও আদায়	৯৮
সারণী-৫৩	২০১২-১৩ অর্থবছরে আমদানি ও রপ্তানি পর্যায়ে কাস্টম হাউস ও কমিশনারেটওয়ারী মাসভিত্তিক রাজস্ব লক্ষ্যমাত্রা ও আদায়	৯৯-১০০
সারণী-৫৪	২০১২-১৩ অর্থবছরে কাস্টম হাউস ও কমিশনারেটওয়ারী আমদানি শুল্কের মাসভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায়	১০১-১০২
সারণী-৫৫	২০১২-১৩ অর্থবছরে কাস্টম হাউস ও কমিশনারেটওয়ারী রপ্তানি শুল্কের মাসভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায়	১০৩-১০৪
সারণী-৫৬	২০১২-১৩ অর্থবছরে কাস্টম হাউস ও কমিশনারেটওয়ারী আমদানি পর্যায়ের মূল্য সংযোজন করের মাসভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায়	১০৫-১০৬
সারণী-৫৭	২০১২-১৩ অর্থবছরে কাস্টম হাউস ও কমিশনারেটওয়ারী আমদানি পর্যায়ের সম্পূরক শুল্কের মাসভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায়	১০৭-১০৮
সারণী-৫৮	২০১২-১৩ অর্থবছরে কাস্টম হাউস ও কমিশনারেটওয়ারী আমদানি পর্যায়ে আমদানি শুল্ক আদায়ের খাতভিত্তিক চূড়ান্ত বিবরণ	১০৯-১১০
সারণী-৫৯	২০১২-১৩ অর্থবছরে আমদানি ও রপ্তানি পর্যায়ে আদায়কৃত রাজস্বের খাতওয়ারী মাসভিত্তিক চূড়ান্ত বিবরণী	১১১-১১২

সারণী-৬০	২০১২-১৩ অর্থবছরে কাস্টম হাউস ও কমিশনারেট কর্তৃক আমদানি পর্যায়ে সংগৃহীত কিন্তু আমদানি শুল্কের হিসাবে অন্তর্ভুক্ত নয় এমন করাদি/ফি	১১৩
সারণী-৬১	২০১২-১৩ অর্থবছরে মাসভিত্তিক কাস্টম হাউস/ কমিশনারেটভিত্তিক আমদানিকৃত পণ্যের (শুল্ক-কর প্রদেয় ও শুল্ক-কর মুক্ত) মূল্য	১১৪
সারণী-৬২	২০১২-১৩ অর্থবছরে কাস্টম হাউস/ কমিশনারেটওয়ারী মাসভিত্তিক আমদানিকৃত পণ্যের (শুল্ক-কর প্রদেয় ও শুল্ক-কর মুক্ত) মূল্য	১১৫-১১৭
সারণী-৬৩	২০১২-১৩ অর্থবছরে বিভিন্ন শুল্কহারে আমদানিকৃত পণ্যের মূল্য ও আদায়কৃত রাজস্ব	১১৮
সারণী-৬৪	২০১২-১৩ অর্থবছরের পণ্যভিত্তিক আমদানি মূল্য ও খাতভিত্তিক আদায়কৃত রাজস্ব	১১৯-১২০
সারণী-৬৫	২০১১-১২ অর্থবছর ও ২০১২-১৩ অর্থবছরের আমদানি পর্যায়ের নিত্য প্রয়োজনীয় কতিপয় পণ্যের পণ্যভিত্তিক আমদানির পরিমাণ ও আমদানি মূল্য সংক্রান্ত বিবরণ	১২১-১২২
সারণী-৬৬	২০১২-১৩ অর্থবছরে কাস্টম হাউস/ কমিশনারেটভিত্তিক রঞ্চানিকৃত পণ্যের মূল্য	১২৩
সারণী-৬৭	২০১২-১৩ অর্থবছরের মুখ্য কয়েকটি রঞ্চানি পণ্যের পরিমাণ ও মূল্য	১২৪
সারণী-৬৮	২০১২-১৩ অর্থবছরে কাস্টম হাউস/ কমিশনারেটভিত্তিক দাখিলকৃত এবং খালাসকৃত বিল অব এন্ট্রি ও বিল অব এক্সপোর্টের সংখ্যা	১২৫
সারণী-৬৯	২০১১-১২ ও ২০১২-১৩ অর্থবছরের কাস্টম হাউস ও কমিশনারেটভিত্তিক আগত যাত্রী ও বহির্গামী যাত্রীর সংখ্যা	১২৬
সারণী-৭০	২০১১-১২ ও ২০১২-১৩ অর্থবছরের আগত যাত্রী ও বহির্গামী যাত্রীর মাসভিত্তিক সংখ্যা	১২৭
সারণী-৭১	২০১১-১২ ও ২০১২-১৩ অর্থবছরের কাস্টম হাউস ও কমিশনারেটভিত্তিক আমদানিকৃত ব্যাগেজের পণ্যমূল্য ও সংগৃহীত রাজস্বের পরিমাণ	১২৮
সারণী-৭২	২০১১-১২ ও ২০১২-১৩ অর্থবছরের আমদানিকৃত ব্যাগেজের পণ্যমূল্য ও সংগৃহীত রাজস্বের মাসভিত্তিক পরিমাণ	১২৯
সারণী-৭৩	২০১২-১৩ অর্থবছরে কাস্টম হাউস ও কমিশনারেটভিত্তিক কাস্টম সংক্রান্ত আটক মালা	১৩০
সারণী-৭৪	২০১২-১৩ অর্থবছরে বিভিন্ন কমিশনারেটের অধিভুক্ত কাস্টম করিডোরের মাধ্যমে আনীত গবাদিপশুর সংখ্যা ও আহরিত রাজস্ব	১৩১
সারণী-৭৫	২০১২-১৩ অর্থবছরে কাস্টমস্ ও মূল্য সংযোজন কর নির্বিশেষে বিভিন্ন কাস্টম হাউস ও কমিশনারেটের আওতায় আটককৃত প্রধান (মূল্যভিত্তিক) কয়েকটি পণ্যের পরিমাণ ও মূল্য	১৩২
সারণী-৭৬	২০১২-১৩ অর্থবছরে আটককৃত স্বর্গ, রোপ্য ও বৈদেশিক মুদ্রার পরিমাণ	১৩৩
সারণী-৭৭	২০০৯-১০ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত কাস্টমস্ (শুল্ক) নিরীক্ষা সংক্রান্ত তথ্য	১৩৪
সারণী-৭৮	২০১২-১৩ অর্থবছরে অনুষ্ঠিত নিলামের সংখ্যা ও নিলামের মাধ্যমে আহরিত রাজস্ব	১৩৫

সারণী-৭৯	কাস্টম হাউস ও কমিশনারেটভিত্তিক আমদানি ও রপ্তানি পর্যায়ে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত বকেয়া রাজস্বের পরিমাণ এবং ২০১২-১৩ অর্থবছরে আদায়কৃত বকেয়া রাজস্বের পরিমাণ	১৩৬
সারণী-৮০	২০১২-১৩ অর্থবছর পর্যন্ত কাস্টম হাউস ও কমিশনারেটভিত্তিক বিভিন্ন প্রকার বণ্ডেড ওয়্যারহাউসের সংখ্যা	১৩৭
সারণী-৮১	২০১১-১২ অর্থবছর ও ২০১২-১৩ অর্থবছরে বণ্ডেড ওয়্যারহাউস থেকে আদায়কৃত রাজস্ব	১৩৮
সারণী-৮২	২০১২-১৩ অর্থবছরে কমিশনারেটভিত্তিক স্থানীয় পর্যায়ে রাজস্ব লক্ষ্যমাত্রা, আদায়, লক্ষ্যমাত্রা অর্জনের হার ও স্থানীয় পর্যায়ে মোট আদায়ের অংশ	১৩৯
সারণী-৮৩	২০১২-১৩ অর্থবছরে কমিশনারেটওয়ারী স্থানীয় পর্যায়ে খাতভিত্তিক রাজস্ব লক্ষ্যমাত্রা, আদায় এবং লক্ষ্যমাত্রা ও আদায়ের পার্থক্য	১৪০
সারণী-৮৪	২০১২-১৩ অর্থবছরে স্থানীয় পর্যায়ে খাতভিত্তিক মাসিক রাজস্ব লক্ষ্যমাত্রা, আদায়, লক্ষ্যমাত্রা অর্জনের হার এবং লক্ষ্যমাত্রা ও আদায়ের পার্থক্য	১৪১
সারণী-৮৫	২০১২-১৩ অর্থবছরে কমিশনারেটওয়ারী স্থানীয় পর্যায়ে রাজস্বের (আবগারী শুল্ক, মূল্য, সম্পূরক শুল্ক ও টার্ণওভার কর) মাসভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায়	১৪২
সারণী-৮৬	২০১২-১৩ অর্থবছরে কমিশনারেটওয়ারী আবগারী শুল্কের মাসভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায়	১৪৩
সারণী-৮৭	২০১২-১৩ অর্থবছরে কমিশনারেটওয়ারী স্থানীয় পর্যায়ে মূল্য সংযোজন করের মাসভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায়	১৪৪
সারণী-৮৮	২০১২-১৩ অর্থবছরে কমিশনারেটওয়ারী স্থানীয় পর্যায়ে সম্পূরক শুল্কের মাসভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায়	১৪৫
সারণী-৮৯	২০১২-১৩ অর্থবছরে কমিশনারেটওয়ারী টার্ণওভার করের মাসভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায়	১৪৬
সারণী-৯০	২০১১-১২ ও ২০১২-১৩ অর্থবছরে স্থানীয় পর্যায়ে উল্লেখযোগ্য পণ্য/ সেবা খাত থেকে আদায়কৃত রাজস্ব, মোট আদায়ের শতকরা হার ও প্রবৃদ্ধি	১৪৭

সারণী-৯১	২০১১-১২ এবং ২০১২-১৩ অর্থবছরে স্থানীয় পর্যায়ে প্রধান ১০টি পণ্য খাত থেকে আদায়কৃত রাজস্ব এবং পণ্য খাতে মোট আদায়ের শতকরা হার	১৪৮
সারণী-৯২	২০১১-১২ এবং ২০১২-১৩ অর্থবছরে স্থানীয় পর্যায়ে প্রধান ১০টি সেবা খাত থেকে আদায়কৃত রাজস্ব এবং সেবা খাতে মোট আদায়ের শতকরা হার	১৪৯
সারণী-৯৩	২০১২-১৩ অর্থবছরে কমিশনারেটওয়ারী স্থানীয় পর্যায়ে আবগারী শুল্ক, মূল্য, সম্পূরক শুল্ক (পণ্য ও সেবা ভিত্তিক) ও টার্ণওভার কর আদায়	১৫০-১৫৬
সারণী-৯৪	২০১২-১৩ অর্থবছরে বিভিন্ন কমিশনারেটের প্রধান ১০টি পণ্য ও প্রধান ১০টি সেবা খাতে নিবন্ধিত প্রতিষ্ঠানের সংখ্যা এবং আদায়কৃত রাজস্বের পরিমাণ	১৫৭-১৬২
সারণী-৯৫	২০১২-১৩ অর্থবছরে মূল্য সংযোজন কর (স্থানীয় পর্যায়ে) বিভিন্ন কমিশনারেটের প্রধান ৫টি খাতের উৎসে কর্তনসহ মোট উৎসে কর্তনের পরিমাণ	১৬৩-১৬৪


ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নং
সারণী-৯৬	২০১২-১৩ অর্থবছরে মূল্য সংযোজন কর সংক্রান্ত মামলা	১৬৫
সারণী-৯৭	২০১২-১৩ অর্থবছরে মূল্য সংযোজন কর (স্থানীয় পর্যায়ে) সংশ্লিষ্ট আটক প্রধান ১০টি পণ্য (মূল্যের ক্রমানুসারে)	১৬৬
সারণী-৯৮	২০১২-১৩ অর্থবছরে মূল্য সংযোজন কর (স্থানীয় পর্যায়ে) সংশ্লিষ্ট প্রত্যেক কমিশনারেট কর্তৃক আটক কয়েকটি পণ্য	১৬৭-১৬৮
সারণী-৯৯	২০১২-১৩ অর্থবছরে মূল্য সংযোজন কর নিরীক্ষা সংক্রান্ত তথ্য	১৬৯-১৭০
সারণী-১০০	২০১২-১৩ অর্থবছর পর্যন্ত কমিশনারেটভিত্তিক বকেয়া রাজস্বের পরিমাণ এবং ২০১২-১৩ অর্থবছরে আদায়কৃত বকেয়া রাজস্বের পরিমাণ	১৭১-১৭২
সারণী-১০১	২০১২-১৩ অর্থবছর পর্যন্ত মূল্য সংযোজন কর নিবন্ধিত প্রতিষ্ঠানের সংখ্যা ও নিবন্ধন বাতিলকারী প্রতিষ্ঠানের সংখ্যা এবং ২০১২-১৩ অর্থবছরে দাখিলপত্র পেশকারী প্রতিষ্ঠানের সংখ্যা	১৭৩
সারণী-১০২	২০০৭-০৮ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত শুল্ক, রেয়াত ও প্রত্যর্পণ পরিদণ্ডন (ডেডে) এবং বিভিন্ন বাণিজ্যিক ব্যাংক কর্তৃক রপ্তানিকারকগণকে পরিশোধিত প্রত্যর্পণ	১৭৪
সারণী-১০৩	২০১১-১২ ও ২০১২-১৩ অর্থবছরের কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেটের আপীল মামলা সংক্রান্ত তথ্য	১৭৫
সারণী-১০৩ (ক)	২০১১-১২ ও ২০১২-১৩ অর্থবছরের কাস্টমস্ সংক্রান্ত আপীল মামলার তথ্য	১৭৬-১৭৭
সারণী-১০৩ (খ)	২০১১-১২ ও ২০১২-১৩ অর্থবছরের মূল্য সংযোজন কর সংক্রান্ত আপীল ১৭৮ মামলার তথ্য	
সারণী -১০৮ ১৭৯	২০১২-১৩ অর্থবছরে শুল্ক, আবগারী ও মূসক ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম কর্তৃক সম্পাদিত কার্যক্রম	
সারণী-১০৫	কাস্টম হাউস/ কমিশনারেটের আওতায় ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত ঘোষিত কাস্টম ১৮০-১৮১ স্টেশন সংক্রান্ত তথ্যাবলী	

প্রথম অংশ

০১। জাতীয় রাজস্ব বোর্ডের পরিচিতি

জাতীয় রাজস্ব বোর্ড ১৯৭২ সালের রাষ্ট্রপতির আদেশ নং ৭৬ (The National Board of Revenue Order, 1972) এর ভিত্তিতে প্রতিষ্ঠিত হয়। জাতীয় রাজস্ব বোর্ড কাস্টমস്, মূল্য সংযোজন কর ও আয়কর বিষয়ক রাজস্ব নীতি প্রণয়ন ও প্রশাসনের কেন্দ্রীয় কর্তৃপক্ষ। এটি বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অন্তর্ভুক্ত। জাতীয় রাজস্ব বোর্ডের প্রধান চেয়ারম্যান, একই সাথে তিনি অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সচিব। জাতীয় রাজস্ব বোর্ডের প্রত্যক্ষ কর অনুবিভাগের আওতায় ৮ জন এবং পরোক্ষ কর অনুবিভাগের আওতায় ৭ জন সদস্য পর্যায়ের কর্মকর্তা এবং প্রশাসন কাজে ১ জন সদস্য তাঁর কাজে সহায়তা করেন। সদস্যদের মধ্যে ৪ জন (প্রতি অনুবিভাগ থেকে ২ জন করে) সদস্য ১ম ছেড়ভুক্ত এবং বাকী সদস্যবর্গ ২য় ছেড়ভুক্ত কর্মকর্তা।

জাতীয় রাজস্ব বোর্ড ৫টি অনুবিভাগে বিভক্ত। এগুলো হচ্ছে বোর্ড প্রশাসন অনুবিভাগ, কাস্টমস് অনুবিভাগ, মূসক অনুবিভাগ, আয়কর অনুবিভাগ এবং গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ। এর সাংগঠনিক কাঠামোর সংক্ষিপ্ত চিত্র নিচের চার্টে দেখানো হয়েছে:



এ ছাড়াও জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান এর সরাসরি তত্ত্বাবধানে সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সি,আই,সি) কাজ করছে।

জাতীয় রাজস্ব বোর্ডের অধীনে দণ্ডর/অধিদণ্ডর/পরিদণ্ডরের সংখ্যা মোট ৭০টি। এর মধ্যে প্রত্যক্ষ কর প্রশাসন সংশ্লিষ্ট কর অঞ্চল/জরীপ অঞ্চল/আপীল অঞ্চল/দণ্ডর/পরিদণ্ডর/অধিদণ্ডরের সংখ্যা ৪০টি, যার মধ্যে ৩১টি দণ্ডরের দায়িত্ব রাজস্ব সংগ্রহ করা। অবশিষ্ট ৩৯টি দণ্ডরের মধ্যে ৭টি আপীল কার্যক্রম পরিচালনা করে, ১টি প্রশিক্ষণ সংক্রান্ত কাজে ও ১টি পরিদর্শন কাজে নিয়োজিত রয়েছে।

পরোক্ষ কর প্রশাসন সংশ্লিষ্ট কাস্টমস് হাউস, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট/ দণ্ডর/ পরিদণ্ডর/ অধিদণ্ডরের সংখ্যা ৩০টি। এর মধ্যে ৬টি কাস্টমস হাউস, ২টি কাস্টমস্ বড কমিশনারেট ও ১২টি শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট রাজস্ব সংগ্রহ কাজে নিয়োজিত। অবশিষ্ট দণ্ডরসমূহ হলো ৪টি আপীল কমিশনারেট, ১টি কাস্টমস্ গোয়েন্দা ও তদন্ত পরিদণ্ড, ১টি মূসক নিরীক্ষা ও তদন্ত পরিদণ্ড, ১টি শুল্ক, রেয়াত ও প্রত্যর্পণ পরিদণ্ড, ১টি কাস্টমস্ (শুল্ক) নিরীক্ষা ও পণ্য মূল্যায়ন (ভ্যালুয়েশন) কমিশনারেট, ১টি প্রশিক্ষণ একাডেমী এবং বেলজিয়ামের ব্রাসেলসে অবস্থিত স্থায়ী কাস্টমস্ প্রতিনিধির (Permanent Customs Representative)

জাতীয় রাজস্ব বোর্ড এবং এর অধীনস্থ দণ্ডরসমূহের জনবলের অনুমোদিত পদ সংখ্যা মোট ২২,০৫৭ টি। এর মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের সদর দণ্ডের অনুমোদিত পদ সংখ্যা ৬১৪, প্রত্যক্ষ করের অনুমোদিত পদ সংখ্যা ৮,৮৮৫ এবং পরোক্ষ করের অনুমোদিত পদ সংখ্যা ১২,৫৫৮ (শ্রেণীভিত্তিক জনবলের তথ্য সারণী-২১ এ সন্নিবেশ করা হয়েছে)।

জাতীয় রাজস্ব বোর্ডের প্রধান কার্যাবলী নিম্নরূপ :


- (১) প্রত্যক্ষ ও পরোক্ষ কর আদায় সম্পর্কিত বিধি ও বিধান প্রণয়ন;
- (২) প্রত্যক্ষ ও পরোক্ষ কর আদায়;
- (৩) কাস্টমস ডিউটি (আমদানি শুল্ক ও রপ্তানি শুল্ক), মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক, আবগারী শুল্ক ও আয়কর আদায়ে নিয়োজিত দণ্ডরসমূহসহ অন্যান্য দণ্ডের কার্যক্রম তদারকি ও দণ্ডরসমূহের প্রশাসনিক নিয়ন্ত্রণ;
- (৪) কর-নীতি ও আইন প্রণয়ন প্রক্রিয়ায়, রাজস্ব বাজেট প্রস্তুতকরণে, আন্তর্জাতিক সংস্থা ও বিদেশের সাথে সাধারণ সহযোগিতা চুক্তি, অনুদান ও ঋণ সংক্রান্ত চুক্তি এবং কর-সংক্রান্ত চুক্তি সম্পাদনে সহায়তা প্রদান;
- (৫) অর্পিত ক্ষমতা বলে প্রয়োজনীয় ক্ষেত্রে শুল্ক/কর মওকুফ করা;
- (৬) বন্ডেড ওয়্যারহাউস ও প্রত্য পর্ণ কার্যক্রম পরিচালনার মাধ্যমে দেশের রপ্তানি বাণিজ্য বৃদ্ধিতে এবং দেশীয় শিল্পের বিকাশ ও বিদেশী বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে নীতি প্রণয়নে সহায়তা প্রদান;
- (৭) করদাতাদের কর পরিশোধে উৎসাহিত করা;
- (৮) কর ভিত্তি সম্প্রসারণ, কর ফাঁকি রোধকল্পে পরিচালিত জরীপ/নিরীক্ষা কাজে এবং চোরাচালান দমন ও গোয়েন্দা কার্যক্রমে নিয়োজিত দণ্ডরসমূহের কার্যক্রম তদারকি ও প্রশাসনিক নিয়ন্ত্রণ; এবং
- (৯) রাজস্ব আদায় সংক্রান্ত তথ্য, উপাত্ত মনিটর, গবেষণা ও সংরক্ষণ করা।

০২। সরকারের মোট রাজস্ব ও জিডিপি পরিস্থিতি

বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। দেশের দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে সুষ্ঠু রাজস্ব ব্যবস্থাপনার মাধ্যমে অধিক রাজস্ব আদায় নিশ্চিত করার প্রয়োজনীয়তা অনন্বীকার্য। পৃথিবীর অধিকাংশ উন্নয়নশীল দেশের তুলনায় বাংলাদেশের জাতীয় উৎপাদন কম হওয়ায় দেশের মোট রাজস্ব-জিডিপি অনুপাত অনেক কম। তবে এ অনুপাত ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। ২০০০-০১ অর্থবছরে বাংলাদেশের রাজস্ব-জিডিপির অনুপাত ছিল ৯.১৪ শতাংশ। ২০১২-১৩ অর্থবছরে তা ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে ১১.২৩ শতাংশ এ দাঁড়িয়েছে। বর্তমানে সরকারের মোট রাজস্বের ৮৪.১৩ শতাংশ কর রাজস্ব (জাতীয় রাজস্ব বোর্ড ও জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত কিছু উৎসের সমন্বয়ে কর রাজস্ব গঠিত) থেকে সংগৃহীত হয়। ২০০০-০১ অর্থবছরে কর রাজস্ব-জিডিপি অনুপাত ছিল ৭.৮০ শতাংশ এবং ২০১২-১৩ অর্থবছরে তা বেড়ে ৯.৪৫ শতাংশ হয়েছে। অন্যদিকে জাতীয় রাজস্ব বোর্ডের রাজস্ব-জিডিপির অনুপাত ছিল ২০০০-০১ অর্থবছরে ৭.৪০ শতাংশ, ২০১২-১৩ অর্থবছরে তা ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে ৯.১০ শতাংশ এ দাঁড়িয়েছে (সারণী-১)। ২০০০-০১ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত জিডিপি, কর রাজস্ব ও মোট রাজস্বের প্রবৃদ্ধি সারণী-২ এ এবং ২০০৩-০৪ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আদায়কৃত খাতভিত্তিক রাজস্ব এবং জিডিপি এর শতকরা হার সারণী-৩ এ দেখানো হয়েছে।

০৩। সরকারের মোট রাজস্ব ও জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সংগৃহীত রাজস্ব পরিস্থিতি

দেশের মোট রাজস্বের এক বৃহদাংশ ও কর রাজস্বের সিংহভাগ জাতীয় রাজস্ব বোর্ড সংগ্রহ করে। দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড ক্রমান্বয়ে বৃদ্ধি পাওয়ার প্রেক্ষিতে মোট রাজস্বে কর বহির্ভূত রাজস্ব এবং জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত কর রাজস্বের অংশ ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। ২০০০-০১ অর্থবছরে সর্বমোট রাজস্বের ৮৫.৩২ শতাংশ কর রাজস্ব এবং ১৪.৬৮ শতাংশ কর বহির্ভূত রাজস্ব উৎস থেকে পাওয়া যায়। উক্ত সময়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সংগৃহীত রাজস্বের ৮৪.১৩ শতাংশ কর রাজস্ব থেকে, ১৫.৮৭ শতাংশ কর বহির্ভূত রাজস্ব থেকে এবং জাতীয় রাজস্ব বোর্ডের রাজস্ব থেকে ৮১.০৭ শতাংশ সংগৃহীত হয়েছে (সারণী-৪)। ২০০০-০১ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত বাংলাদেশের রাজস্ব আদায়ের গতিধারা পরবর্তী পৃষ্ঠায় লেখচিত্র-১ এ দেখানো হয়েছে।




০৪ | ২০১২-১৩ অর্থবছরের রাজস্ব লক্ষ্যমাত্রা ও আদায় পরিস্থিতি

২০১২-১৩ অর্থবছরের জন্য সরকারের রাজস্ব আহরণের মূল লক্ষ্যমাত্রা ছিল মোট

১,৩৯,৬৭০ কোটি টাকা। কর রাজস্বের লক্ষ্যমাত্রা ছিল ১,১৬,৮২৪ কোটি টাকা, যা মোট রাজস্বের ৮৩.৬৪ শতাংশ এবং কর বহির্ভুত রাজস্বের লক্ষ্যমাত্রা ছিল ২২,৮৪৬ কোটি টাকা, যা মোট রাজস্বের ১৬.৩৬ শতাংশ। কর রাজস্বের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের অন্তর্ভুক্ত রাজস্বের লক্ষ্যমাত্রা ছিল ১,১২,২৫৯ কোটি টাকা, যা মোট রাজস্বের ৮০.৩৭ শতাংশ এবং মোট কর রাজস্বের ৯৬.০৯ শতাংশ। জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভুত কর রাজস্বের সংশোধিত লক্ষ্যমাত্রা ছিল ৪,৫৬৫ কোটি টাকা, যা মোট রাজস্বের ৩.২৭ শতাংশ এবং মোট কর রাজস্বের ৩.৯১ শতাংশ। ২০১২-১৩ অর্থবছরে রাজস্ব আদায় হয়েছে মোট ১,৩৪,৬৩৫.৭৩ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রা (১,৩৯,৬৭০ কোটি টাকা) অপেক্ষা ৫,০৩৪.২৭ কোটি টাকা বা ৩.৬০ শতাংশ কম। লক্ষ্যমাত্রা অর্জনের হার ৯৬.৮০ শতাংশ। আদায়কৃত রাজস্বের মধ্যে কর রাজস্বের পরিমাণ ১,১৩,২৭২.৭৩ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রা (১,১৬,৮২৪ কোটি টাকা) অপেক্ষা ৩,৫৫১.২৭ কোটি টাকা বা ৩.০৪ শতাংশ কম। এ ম্যেটে লক্ষ্যমাত্রা অর্জনের হার ৯৬.৯৬ শতাংশ। আলোচ্য অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ড আদায় করেছে ১,০৯,১৫১.৭৩ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রা (১,১২,২৫৯ কোটি টাকা) অপেক্ষা ৩,১০৭.২৭ কোটি টাকা বা ২.৭৭ শতাংশ কম। লক্ষ্যমাত্রা অর্জনের হার ৯৭.২৩ শতাংশ। আদায়কৃত কর রাজস্বের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভুত কর রাজস্বের পরিমাণ ৪,১২১ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রা (৪,৫৬৫ কোটি টাকা) অপেক্ষা ৪৮৮.০০ কোটি টাকা বা ৯.৭৩ শতাংশ কম। লক্ষ্যমাত্রা অর্জনের হার ৯০.২৭ শতাংশ। কর বহির্ভুত উৎস হ'তে প্রাক্তিলিত ২২,৮৪৬ কোটি টাকার বিপরীতে আদায় হয়েছে ২১,৩৬৩ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রা অপেক্ষা ১,৪৮৩ কোটি টাকা বা ৬.৪৯ শতাংশ কম। লক্ষ্যমাত্রা অর্জনের হার ৯৩.৫১ শতাংশ। ২০১২-১৩ অর্থবছরে আদায়কৃত মোট রাজস্বের ৮৪.১৩ শতাংশ আদায় হয়েছে কর রাজস্ব থেকে এবং ১৫.৮৭ শতাংশ আদায় হয়েছে জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভুত কর রাজস্ব থেকে। আবার মোট কর রাজস্বের ৯৬.৩৬ শতাংশ আদায় হয়েছে জাতীয় রাজস্ব বোর্ডের রাজস্ব থেকে ও ৩.৬৪ শতাংশ আদায় হয়েছে জাতীয় রাজস্ব বোর্ডের রাজস্ব থেকে, ৩.০৬ শতাংশ আদায় হয়েছে জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভুত কর রাজস্ব থেকে। ২০১২-১৩ অর্থবছরে মোট রাজস্বের মধ্যে ৮১.০৭ শতাংশ আদায় হয়েছে জাতীয় রাজস্ব বোর্ডের রাজস্ব থেকে। ২০১২-১৩ অর্থবছরে আদায়কৃত মোট রাজস্বের মধ্যে কর রাজস্ব থেকে এবং ১৫.৮৭ শতাংশ আদায় হয়েছে কর বহির্ভুত রাজস্ব থেকে। ২০১২-১৩ অর্থবছরে কর রাজস্ব ও কর বহির্ভুত রাজস্বের খাতভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায় তথ্য সারণী-৫ এ দেখানো হয়েছে। এছাড়া ২০১২-১৩ অর্থবছরে আদায়কৃত মোট রাজস্বের মধ্যে কর রাজস্ব ও কর বহির্ভুত রাজস্বের অংশ লেখচিত্র-২ এ, আদায়কৃত মোট কর রাজস্বের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ড ও জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভুত কর রাজস্বের অংশ লেখচিত্র-৩ এ এবং আদায়কৃত মোট রাজস্বের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের অংশ লেখচিত্র-৪ এ দেখানো হয়েছে।


লেখচিত্র -০২ : ২০১২-১৩ অর্থবছরে আদায়কৃত মোট রাজস্বের মধ্যে কর রাজস্ব ও কর বহির্ভুত রাজস্বের অংশ



লেখচিত্র -০৩ : ২০১২-১৩ অর্থবছরে আদায়কৃত মোট কর
রাজস্বের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ড ও জাতীয় রাজস্ব বোর্ড
বর্হিত্ত অংশ



লেখচিত্র -০৪ : ২০১২-১৩ অর্থবছরে আদায়কৃত মোট
রাজস্বের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের অংশ




০৫।

২০১২-১৩ অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ডের জন্য নির্ধারিত রাজস্ব

লক্ষ্যমাত্রা ও আদায় পরিস্থিতি


জাতীয় রাজস্ব বোর্ড নিয়ন্ত্রণাধীন রাজস্বকে প্রধানতঃ দু'ভাগে দেখানো হয়। যথাঃ প্রত্যক্ষ কর ও পরোক্ষ কর। প্রত্যক্ষ করের মধ্যে আয়কর এবং অন্যান্য কর ও শুল্ক (বৈদেশিক ভ্রমণ কর, অন্যান্য কর ইত্যাদি) অন্তর্ভুক্ত রয়েছে। পরোক্ষ করের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে আমদানি শুল্ক, রপ্তানি শুল্ক, আবগারী শুল্ক, মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক ও টার্গেতভার কর। জাতীয় রাজস্ব বোর্ডের রাজস্ব কাঠামোকে নিচের ছকে দেখানো হয়েছে:




২০১২-১৩ অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ড নিয়ন্ত্রণাধীন রাজস্বের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা ছিল ১,১২,২৫৯ কোটি টাকা। মোট লক্ষ্যমাত্রার ৩১.৭১ শতাংশ আমদানি ও রঞ্চানি পর্যায়ের জন্য, ৩৫.৯৯ শতাংশ স্থানীয় পর্যায়ের জন্য, ৩১.৪৫ শতাংশ আয়কর খাতের জন্য এবং ০.৮৫ শতাংশ অন্যান্য কর ও শুল্ক খাতের জন্য নির্ধারণ করা হয়। মোট লক্ষ্যমাত্রার খাতভিত্তিক অংশ লেখচিত্র-৫ এ দেখানো হয়েছে। এ লক্ষ্যমাত্রার বিপরীতে আলোচ্য অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ড আদায় করেছে ১,০৯,১৫১.৭৩ কোটি টাকা। লক্ষ্যমাত্রা অর্জনের হার ৯৭.২৩ শতাংশ, যা পূর্ববর্তী অর্থবছরের আদায় ৯৫,০৫৮.৯৯ কোটি টাকার তুলনায় ১৪,০৯২.৭৪ কোটি টাকা বা ১৪.৮৩ শতাংশ বেশী। মোট আদায়কৃত রাজস্বের মধ্যে আমদানি ও রঞ্চানি পর্যায়ে ২৯.৬০ শতাংশ, স্থানীয় পর্যায়ে ৩৫.৮৫ শতাংশ, আয়কর খাতে ৩৪.০১ শতাংশ এবং অন্যান্য কর ও শুল্ক খাতে ০.৫৪ শতাংশ আদায় হয়েছে। আদায়কৃত মোট রাজস্বের খাতভিত্তিক অবদান লেখচিত্র-৬ এ দেখানো হয়েছে। বিভিন্ন অর্থবছরের আমদানি ও রঞ্চানি পর্যায়, স্থানীয় পর্যায়, আয়কর এবং অন্যান্য কর ও শুল্কের ক্ষেত্রে আদায়কৃত রাজস্ব ও মোট আদায়কৃত রাজস্বের অংশের হিসাব সারণী-৬ এ দেখানো হয়েছে।

লেখচিত্র - ০৫ : মোট লক্ষ্যমাত্রার খাতভিত্তিক

অংশ



লেখচিত্র - ০৬ : মোট আদায়কৃত রাজস্বের খাতভিত্তিক অবদান




এছাড়া ২০১২-১৩ অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ডের মাসভিত্তিক রাজস্ব লক্ষ্যমাত্রা ও আদায় তথ্য সারণী-৭ এ দেখানো হয়েছে। ২০০০-০১ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত জাতীয় রাজস্ব বোর্ডের রাজস্ব লক্ষ্যমাত্রা, আদায়, প্রবৃদ্ধি ও লক্ষ্যমাত্রা অর্জনের হার সারণী-৮ এ এবং উক্ত বছরসমূহের রাজস্ব লক্ষ্যমাত্রা ও আদায়ের গতিধারা লেখচিত্র - ৭ এ দেখানো হয়েছে।

লেখচিত্র - ৭ : ২০০০-০১ অর্থবছর হতে ২০১২-১৩

অর্থবছর পর্যন্ত জাতীয় রাজস্ব বোর্ডের রাজস্ব

লক্ষ্যমাত্রা এবং আদায়ের গতিধারা




প্রত্যক্ষ কর ও পরোক্ষ কর :

২০১২-১৩ অর্থবছরে প্রত্যক্ষ করের লক্ষ্যমাত্রা ছিল ৩৬,২৫৯ কোটি টাকা, আদায় হয়েছে ৩৭,৭১০.৮৬ কোটি টাকা। এ আদায় লক্ষ্যমাত্রা অপেক্ষা ১,৪৫১.৮৬ কোটি টাকা বা ৪.০০ শতাংশ বেশী। লক্ষ্যমাত্রা অর্জনের হার ৯৬.১৫ শতাংশ। এ আদায় গত অর্থবছরের আদায় ২৯,১৩৩.৫৮ কোটি টাকা থেকে ৮,৫৭৬.৮৮ কোটি টাকা বেশী। বিগত অর্থবছরের আদায়ের তুলনায় প্রবৃদ্ধি ২৯.৪৪ শতাংশ। ২০০০-০১ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত প্রত্যক্ষ করের খাতভিত্তিক রাজস্ব আদায়, প্রবৃদ্ধি এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মোট আদায়ের অনুপাত সারণী-৯ এ দেখানো হয়েছে।

পরোক্ষ করের লক্ষ্যমাত্রা ছিল ৭৬,০০০ কোটি টাকা, আদায় হয়েছে ৭১,৪৪১.২৭ কোটি টাকা। লক্ষ্যমাত্রার চেয়ে ৪,৫৫৮.৭৩ কোটি টাকা বা ৬.৩৮ শতাংশ কম আদায় হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জনের হার ৯৪.০০ শতাংশ। এ আদায় গত অর্থবছরের আদায় ৬৫,৯২৫.৩১ কোটি টাকা থেকে ৫,৫১৫.৯৬ কোটি টাকা বেশী। বিগত অর্থবছরের আদায়ের তুলনায় প্রবৃদ্ধি ৮.৩৭ শতাংশ। ২০১২-১৩ অর্থবছরে কাস্টম হাউস এবং কমিশনারেটভিত্তিক পরোক্ষ করের লক্ষ্যমাত্রা ও আদায় সারণী-১০ এ এবং ২০০০-০১ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত পরোক্ষ কর আদায়ের পরিমাণ ও প্রবৃদ্ধি সারণী-১১ এ দেখানো হয়েছে।


২০১২-১৩ অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আদায়কৃত মোট রাজস্বের ৬৫.৪৫ শতাংশ আদায় হয়েছে পরোক্ষ কর থেকে এবং ৩৪.৫৫ শতাংশ আদায় হয়েছে প্রত্যক্ষ কর থেকে (সারণী-১২)। বিভিন্ন অর্থবছরের পরোক্ষ কর ও প্রত্যক্ষ কর আদায় প্রবণতা পর্যালোচনা (সারণী-৬, সারণী-৯ এবং সারণী-১২) করলে লক্ষ্য করা যায় যে, মোট রাজস্বে প্রত্যক্ষ করের অংশ ক্রমান্বয়ে বাড়ছে এবং পরোক্ষ করের অংশ ক্রমান্বয়ে কমছে। ২০০০-০১ অর্থবছর থেকে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আদায়কৃত মোট রাজস্বে প্রত্যক্ষ কর ও পরোক্ষ করের অংশের গতিধারা লেখচিত্র-৮-এ দেখানো হয়েছে।

লেখচিত্র - ০৮ : জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আদায়কৃত মোট রাজস্বে প্রত্যক্ষ কর ও পরোক্ষ করের অংশের গতিধারা



আবার পরোক্ষ করের মোট রাজস্বে স্থানীয় পর্যায়ের রাজস্ব আদায়ের অংশ ক্রমাগ্রামে বাড়ছে এবং আমদানি ও রপ্তানি পর্যায়ের রাজস্ব আদায়ের অংশ ক্রমাগ্রামে কমছে। ২০০০-০১ অর্থবছর থেকে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত পরোক্ষ করের মোট রাজস্বে স্থানীয় পর্যায়ে আদায়কৃত রাজস্ব এবং আমদানি ও রপ্তানি পর্যায়ে আদায়কৃত রাজস্বের অংশের গতিধারা লেখচিত্র-০৯ এ দেখানো হয়েছে।

**লেখচিত্র -০৯ : জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আদায়কৃত
মোট পরোক্ষ করে স্থানীয় পর্যায়ে আদায়কৃত রাজস্ব এবং
আমদানি ও রপ্তানি পর্যায়ে আদায়কৃত রাজস্বের অংশের
গতিধারা**



২০০৯-১০ অর্থবছর থেকে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত জাতীয় রাজস্ব বোর্ডের অধীন বিভিন্ন খাতের শুল্ক করাদির খাতভিত্তিক রাজস্ব লক্ষ্যমাত্রা, আদায় ও পূর্ববর্তী অর্থবছরের তুলনায় লক্ষ্যমাত্রা ও আদায়ের হ্রাস/বৃদ্ধি সারণী-১৩ এ দেখানো হয়েছে। ২০০৮-০৫ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত প্রত্যক্ষ কর ও পরোক্ষ করের বিভিন্ন প্রকার শুল্ক করাদির খাতভিত্তিক মূল ও সংশোধিত লক্ষ্যমাত্রা ও রাজস্ব আদায়ের পরিসংখ্যান সারণী-১৪ এ এবং ২০১২-১৩ অর্থবছরে প্রত্যক্ষ কর ও পরোক্ষ করের খাতভিত্তিক মাসওয়ারী রাজস্ব লক্ষ্যমাত্রা ও খাতভিত্তিক মাসওয়ারী রাজস্ব আদায় তথ্য যথাক্রমে সারণী-১৫ তে ও সারণী-১৬ তে দেখানো হয়েছে। উল্লেখ্য, পূর্ববর্তী অর্থবছরসমূহের সাধারণ মৌসুমী প্রবণতার ন্যায় ২০১২-১৩ অর্থবছরের প্রথম ছয় মাসের (জুলাই-ডিসেম্বর) তুলনায় শেষ ছয় মাসে (জানুয়ারী-জুন) রাজস্ব আদায় বেশী হয়েছে। রপ্তানি শুল্ক এবং অন্যান্য কর ও শুল্ক ব্যতিত পরোক্ষ কর এবং প্রত্যক্ষ করের প্রতিটি খাতের ক্ষেত্রে এই প্রবণতা বিদ্যমান (সারণী- ১৭)।

বকেয়া রাজস্ব


২০১২-১৩ অর্থবছরে পরোক্ষ কর (আমদানি ও রপ্তানি পর্যায়ে এবং স্থানীয় পর্যায়ে) ও প্রত্যক্ষ করের ক্ষেত্রে বকেয়া রাজস্বের পরিমাণ যথাক্রমে ১৫,৫৮০.৩৪ কোটি টাকা ও ৭,২৬৮.১০ কোটি টাকা এবং বকেয়া রাজস্ব আদায়ের পরিমাণ যথাক্রমে ১,৮৭৭.৯৫ কোটি টাকা ও ৯৯১.৭১ কোটি টাকা। মোট বকেয়া রাজস্বের পরিমাণ ২২,৮৪৮.৮৮ কোটি টাকা এবং মোট বকেয়া রাজস্ব আদায়ের পরিমাণ ২,৮৬৯.৬৬ কোটি টাকা (সারণী-১৮)।

০৬। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আদায়কৃত রাজস্বের বিপরীতে প্রশাসনিক ব্যয়

জাতীয় রাজস্ব বোর্ড নিয়ন্ত্রাণাধীন খাতসমূহ হতে ২০১২-১৩ অর্থবছরে রাজস্ব আয় হয়েছে মোট ১,০৯,১৫১.৭৩ কোটি টাকা। উক্ত টাকা আয় বাবদ জাতীয় রাজস্ব বোর্ড ও এর অধীনস্থ প্রত্যক্ষ কর ও পরোক্ষ কর সংশ্লিষ্ট দণ্ডরসমূহের ব্যয় হয়েছে মোট ১৪৭৬.১৩ কোটি টাকা (সারণী - ১৯)। এ ব্যয়ের পরিমাণের মধ্যে পিএসআই কোম্পানীকে পরিশোধিত অর্থ ২২৯.৯৫ কোটি টাকা এবং ব্যান্ডরোল ও স্ট্যাম্প মুদ্রণ বাবদ পরিশোধিত অর্থ ৯০.০০ কোটি টাকা অন্তর্ভুক্ত রয়েছে। পিএসআই কোম্পানীকে পরিশোধিত অর্থ এবং স্ট্যাম্প ও ব্যান্ডরোল মুদ্রণ ব্যয় সহ মোট ব্যয় হিসেবে প্রতি ১০০ টাকা রাজস্ব আদায়ে ব্যয় হয়েছে ১.৩৫ টাকা, যা ২০১১-১২ অর্থবছর থেকে ০.৩১ টাকা অর্থাৎ ২৯.৮১ শতাংশ বেশী। পিএসআই কোম্পানীকে পরিশোধিত অর্থ এবং ব্যান্ডরোল ও স্ট্যাম্প মুদ্রণের জন্য পরিশোধিত অর্থ বাবদ ব্যয় ব্যতিত

প্রতি ১০০ টাকা রাজস্ব আদায়ের জন্য ব্যয় হয়েছে ১.০৬ টাকা (সারণী-২০)। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আদায়কৃত রাজস্বের পরিমাণ উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে এবং রাজস্ব আদায় বাবদ ব্যয়ের হার কমচ্ছে। লেখচিত্র-১০ এ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আদায়কৃত রাজস্বের ও প্রশাসনিক ব্যয়ের হারের গতিধারা দেখানো হয়েছে।

লেখচিত্র-১০ঃ আদায়কৃত রাজস্ব ও প্রশাসনিক ব্যয়ের হারের গতিধারা



০৭। ২০১২-১৩ অর্থবছরে প্রত্যক্ষ ও পরোক্ষ কর ব্যবস্থায় গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপ

প্রত্যক্ষ কর ব্যবস্থায় গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপসমূহ

- ব্যক্তি করদাতাদের জন্য করমুক্ত আয়ের সীমা ১ লক্ষ ৮০ হাজার টাকা থেকে বৃদ্ধি করে ২ লক্ষ টাকা করা হয়েছে। তবে মহিলা করদাতা এবং ৬৫ বছর বা তদুর্দু বয়সের পুরুষ করদাতাদের করমুক্ত আয়ের সীমা ২ লক্ষ টাকা থেকে বৃদ্ধি করে ২ লক্ষ ২৫ হাজার টাকা করা হয়েছে। প্রতিবন্ধী করদাতাদের করমুক্ত আয়ের সীমা ২ লক্ষ ৫০ হাজার টাকা থেকে বৃদ্ধি করে ২ লক্ষ ৭৫ হাজার টাকা করা হয়েছে। সর্বনিম্ন আয়করের হার ২ হাজার থেকে বৃদ্ধি করে ৩ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে।
- প্রাইভেট লিমিটেড কোম্পানী ও পাবলিক লিমিটেড কোম্পানীর করহার ৩৭.৫% এবং ২৭.৫% এ অপরিবর্তিত রয়েছে। ব্যাংক, বীমা, অর্থনৈতিকারী প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে করহার ৪২.৫% এবং মোবাইল ফোন অপারেটর কোম্পানীর করহার ৪৫% এ অপরিবর্তিত রয়েছে।
- ব্যক্তি শ্রেণীর করদাতাদের ক্ষেত্রে সারচার্জ আরোপের বিধান অপরিবর্তিত রয়েছে। আয়কর রিটার্নের সাথে দাখিলকৃত পরিসম্পদ ও দায় বিবরণীতে প্রদর্শিত নীট সম্পদের পরিমাণ ২ কোটি টাকার উদ্দেশ্যে হলেই কেবল প্রদেয় করের উপর এ সারচার্জ আরোপিত হবে।
- আলোচ্য বছরে ইতোপূর্বে কর অনারোপিত আয়ের উপর আয়কর প্রদান সাপেক্ষে অনারোপিত আয় প্রদর্শনের বিধান করা হয়েছে। ব্যক্তি, কোম্পানী বা যে কোন করদাতা পূর্ববর্তী যে কোন বছরের অপ্রদর্শিত আয় প্রদর্শণ করে চলতি কর বছরে আয়কর রিটার্ন দাখিল করতে পারেন। যে কর বছরে এ অপ্রদর্শিত আয় প্রদর্শিত হবে সেই কর বছরের জন্য প্রযোজ্য করহার অনুযায়ী আয়কর প্রদেয় হবে। কর অনারোপিত আয়ের উপর প্রযোজ্য আনুপাতিক আয়করের ১০% হারে জরিমানা পরিশোধ করতে হবে।
- লোকাল এলসি এর মাধ্যমে প্রদেয়/পরিশোধযোগ্য অর্থ হতে চুক্তি ও সরবরাহের অধীনে কোন কোম্পানী বা প্রতিষ্ঠানকে প্রদেয় অর্থের ন্যায় উৎসে আয়কর কর্তৃন করতে হবে।
- সিটি কর্পোরেশন বা পৌরসভা কর্তৃক ট্রেড লাইসেন্স নবায়নের সময় উৎসে আয়কর সংগ্রহের হার পুনঃনির্ধারণ করা হয়েছে:

- ক) ঢাকা (উত্তর ও দক্ষিণ) ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন-৫০০/- টাকা;
- খ) ঢাকা ও চট্টগ্রাম ব্যতীত অন্যান্য সিটি কর্পোরেশন-৩০০/- টাকা;
- গ) জেলা শহরে অবস্থিত পৌরসভা-৩০০/- টাকা;
- ঘ) অন্য যে কোন পৌরসভা-১০০/- টাকা;
- আন্তর্জাতিক টেলিফোন কলের ক্ষেত্রে International Gateway Service (IGW) প্রদানের বিপরীতে কোন বিল বা যে কোন অর্থ পরিশোধের ক্ষেত্রে ১% হারে উৎসে আয়কর কর্তন করতে হবে।
- সরকার অথবা কোন কর্তৃপক্ষ, কর্পোরেশন, ব্যাংকিং কোম্পানী অথবা কোন সমবায় ব্যাংক, এনজিও অথবা কোন স্কুল বা কলেজ কর্তৃক বাড়ি ভাড়া প্রদানের ক্ষেত্রে ভাড়া প্রদানকালে ৫% হারে উৎসে কর কর্তনের বিধান করা হয়েছে।
- নীট ও ওভেন গার্মেন্টস, টেলিটাওয়েল, গার্মেন্টস শিল্পের কার্টুন ও এক্সেসরিজ, পাটজাত দ্রব্য, হিমায়িত খাদ্য, শাকসবজি, চামড়াজাত দ্রব্য ও প্যাকেটজাত খাদ্য রপ্তানীর ক্ষেত্রে রপ্তানী মূল্যের উপর উৎসে আয়কর কর্তনের হার ০.৬০% থেকে বৃদ্ধি করে ০.৮০% করা হয়েছে।
- নীট ও ওভেন গার্মেন্টস, টেলিটাওয়েল, গার্মেন্টস শিল্পের কার্টুন ও এক্সেসরিজ, পাটজাত দ্রব্য, হিমায়িত খাদ্য, শাকসবজি, চামড়াজাত দ্রব্য ও প্যাকেটজাত খাদ্য ব্যতীত অন্যান্য রপ্তানীর ক্ষেত্রে রপ্তানী মূল্যের উপর উৎসে আয়কর কর্তনের হার ০.৭০% থেকে বৃদ্ধি করে ০.৮০% করা হয়েছে।
- সিনেমা, নাটক, বিজ্ঞাপন, টেলিভিশন বা রেডিও কোন অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য অভিনেতা-অভিনেত্রী, শিল্পী বা অংশগ্রহণকারী ব্যক্তিকে কোন সম্মানী/ফি পরিশোধের ক্ষেত্রে প্রদেয় সর্বোমোট অর্থের পরিমাণ ১০ হাজার টাকার অধিক হলে সমুদয় অংকের উপর ১০% হারে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে। তবে প্রদেয় অর্থের পরিমাণ ১০ হাজার টাকা বা তার কম হলে উৎসে আয়কর কর্তন করতে হবে না।
- রপ্তানি বাণিজ্য নিয়োজিত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে রপ্তানি সহায়তা হিসেবে সরকার কর্তৃক প্রদেয় নগদ সুবিধা বা cash subsidy এর উপর ৫% হারে উৎসে আয়কর কর্তনের বিধান করা হয়েছে।
- ল্যান্ড ডেভেলাপমেন্ট ব্যবসায় নিয়োজিতদের জমি বিক্রয়ের ক্ষেত্রে উৎসে আয়কর আদায়ের হার নিরপেক্ষ সংশোধন করা হয়েছেঃ-
 - (ক) ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, মুসিগঞ্জ, নরসিংহদী, মানিকগঞ্জ ও চট্টগ্রাম জেলায় অবস্থিত জমি বিক্রয়ের ক্ষেত্রে রেজিস্ট্রেশন পর্যায়ে দলিল মূল্যের ২% এর পরিবর্তে ৫% হারে উৎসে আয়কর সংগৃহীত হবে।
 - (খ) উপরোক্ত জেলা ব্যতীত অন্য যে কোন এলাকায় অবস্থিত জমি বিক্রয়ের ক্ষেত্রে রেজিস্ট্রেশন পর্যায়ে দলিল মূল্যের ১% এর পরিবর্তে ৩% হারে উৎসে আয়কর সংগৃহীত হবে।
তবে, ফ্লাট বিক্রয়ের ক্ষেত্রে উৎসে কর কর্তনের বিদ্যমান হার অপরিবর্তিত রয়েছে।
- সম্পত্তি হস্তান্তরকালে রেজিস্ট্রেশনের সময় উৎসে আয়কর সংগ্রহের হার পরিবর্তন এবং সম্পত্তির অবস্থানের পরিধি নিম্নরূপভাবে বৃদ্ধি করা হয়েছে।
 - (ক) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) ও চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ) এর আওতাধীন কৃষি ও অ-কৃষি জমি নির্বিশেষে সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে রেজিস্ট্রেশনকালে উৎসে আয়কর আদায়ের হার দলিল মূল্যের ৩%;
 - (খ) রাজউক ব্যতীত ঢাকা জেলা, সিডিএ ব্যতীত চট্টগ্রাম জেলা, গাজীপুর, নারায়ণগঞ্জ, মুসিগঞ্জ, মানিকগঞ্জ, নরসিংহদী জেলা, সিটি কর্পোরেশন এলাকা (ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন ব্যতীত), পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ড এর আওতাধীন কৃষি ও অ-কৃষি জমি নির্বিশেষে সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে রেজিস্ট্রেশনকালে উৎসে আয়কর আদায়ের হার দলিল মূল্যের ২%; এবং

(গ) অনুচ্ছেদ (ক) ও (খ) তে বর্ণিত এলাকা ব্যতীত অন্য যে কোন এলাকার আওতাধীন শুধুমাত্র অক্ষৰি সম্পত্তি রেজিস্ট্রেশনকালে উৎসে আয়কর আদায়ের হার দলিল মূল্যের ১%। অর্থাৎ অনুচ্ছেদ (ক) ও (খ) তে বর্ণিত এলাকা ব্যতীত অন্য এলাকার কৃষি জমি রেজিস্ট্রেশনকালে কোন উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে না।

- সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত যে কোন রিটার্ন জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদন সাপেক্ষে নিরীক্ষার বিধান করা হয়েছে।
- ট্রান্সফার প্রাইসিং সংক্রান্ত বিধিমালা প্রবর্তন করা হয়েছে। নতুন প্রবর্তিত এ বিধান অনুযায়ী আর্টজাতিক লেনদেন থেকে উত্তৃত আয় Arm's Length Price এর ভিত্তিতে নিরূপিত হবে। কোন করদাতা কর্তৃক সম্পাদিত কোন আর্টজাতিক লেনদেনের মূল্য যদি Arm's Length Price অপেক্ষা ভিন্ন হয় এবং আর্টজাতিক লেনদেনের সম্পাদন মূল্যের ভিত্তিতে নিরূপনযোগ্য মোট আয় যদি Arm's Length Price এর ভিত্তিতে নিরূপনযোগ্য মোট আয় অপেক্ষা কম হয় তাহলে উক্ত লেনদেনের Arm's Length Price ধরে যে মোট আয় নিরূপনযোগ্য হতো তা করদাতার আয়কর রিটার্নে প্রদর্শন করতে হবে।
- বিকল্প বিরোধ নিষ্পত্তির একটি নুতন ধারা প্রবর্তন করা হয়েছে। ফলশ্রুতিতে কোন কর বছরের কর মামলার ক্ষেত্রে করদাতা কর্তৃক ADR এর মাধ্যমে বিরোধ নিষ্পত্তির আবেদন করা হলে এবং একই আয় বছরের জন্য উপ কর কমিশনার কর্তৃক আপীলাত ট্রাইবুনালে মামলা দায়ের করা হলে বা কর কমিশনার কর্তৃক হাইকোর্টে রেফারেন্স মামলা দায়ের করা হলে ADR এর মাধ্যমে মামলা নিষ্পত্তি বা এ বিষয়ে কোন সিদ্ধান্ত হওয়ার পূর্ব পর্যন্ত আপীলাত ট্রাইবুনালে বা হাইকোর্টে দায়েরকৃত কর বিভাগের মামলা বা রেফারেন্সের কার্যক্রম স্থগিত থাকবে। ADR এর সহায়তাকারীকে (facilitator) পদেয় fees নির্ধারনের ক্ষমতা জাতীয় রাজস্ব বোর্ডকে প্রদান করা হয়েছে। সহায়তাকারীর নিকট বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদনের উপর উপ কর কমিশনার কর্তৃক মতামত প্রদানের সময়সীমা ১৫ (পনের) দিনের পরিবর্তে ৫ (পাঁচ) কার্যদিবস নির্ধারণ করা হয়েছে।
- আয়কর রিটার্ন দাখিল করেননি এরপ করদাতা কর্তৃক আপীলাত যুগ্ম/ অতিরিক্ত কর কমিশনার বা আপীলাত কর কমিশনার বরাবর আপীল দায়েরের ক্ষেত্রে উপ কর কমিশনার কর্তৃক আরোপিত আয়করের ১০% হারে আয়কর পরিশোধের বাধ্যবাধকতা আরোপ করা হয়েছে।
- কোন পৌরসভা থেকে ট্রেড লাইসেন্স নবায়নের ক্ষেত্রে টি.আই.এন সনদ বা রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকার পত্র দাখিলের বিধান করা হয়েছে। বিদ্যমান ক্ষেত্রসমূহ অপরিবর্তিত রেখে ভাড়ায় চালিত লঞ্চ, স্টীমার, ফিশিং ট্রলার, কার্গো, কোষ্টার, ডাম্ভ-বার্জ ইত্যাদির সার্ভে সার্টিফিকেট ইস্যু বা নবায়ন; এবং ইন্সুরেন্স কোম্পানীর এজেন্টের সার্টিফিকেট রেজিস্ট্রেশন বা নবায়নের ক্ষেত্রেও টি.আই.এন সনদ বা রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকার পত্র জমা দেয়ার বিধান করা হয়েছে।
- Pension fund এর ট্রান্সফার আয় করমুক্ত করার বিধান করা হয়েছে।
- নুতন সিনেমা হল বা সিনেপ্লেক্স এর বাণিজ্যিক প্রদর্শনীর তারিখ থেকে উত্তৃত আয়কে স্থান ভেদে ৫ বা ৭ বছরের জন্য ক্রমহাসমান হারে কর অব্যাহতি সুবিধা প্রদান করা হয়েছে।
- ধানের কুড়া থেকে তেল উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান এর বাণিজ্যিক উৎপাদনের তারিখ থেকে স্থানভেদে ৫ বা ৭ বছরের জন্য ক্রমহাসমান হারে কর অব্যাহতি সুবিধা প্রদান করা হয়েছে।
- ভুট্টা ও সুগারবিট উৎপাদন থেকে উত্তৃত আয়ের ৫০% কে কর অব্যাহতি সুবিধা প্রদান করা হয়েছে।
- প্রধান মন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রান্স আইন, ২০১২ এর আওতায় গঠিত তহবিলে প্রদত্ত নির্ধারিত সীমার অনুদান করমুক্ত আয় হিসেবে বিবেচনার বিধান করা হয়েছে।

শুল্ক ব্যবস্থা :

পরোক্ষ কর ব্যবস্থায় গৃহিত উল্লেখযোগ্য পদক্ষেপসমূহঃ শুল্ক ব্যবস্থাঃ

- পাঁচ স্তর বিশিষ্ট শুল্ক কাঠামো অপরিবর্তিত রাখা হয়েছে। সর্বোচ্চ শুল্ক ২৫% অপরিবর্তিত রেখে মূলধনী যন্ত্রপাতি ও আইসিটি খাতের শুল্ক ৩% অপরিবর্তিত রাখা হয়েছে। তবে শতভাগ রঞ্জানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক মূলধনী যন্ত্রপাতির আমদানি সকল প্রকার শুল্ক-কর্মসূচি করা হয়েছে।
- বিদ্যমান ৮ (আট) স্তর বিশিষ্ট সম্পূরক শুল্ক হার পুনবিন্যাস করে নয় স্তর বিশিষ্ট সম্পূরক শুল্ক হার ২০%, ৩০%, ৪৫%, ৬০%, ১০০%, ১৫০%, ২৫০%, ৩৫০% ও ৫০০% নির্ধারণ করা হয়েছে।
- সর্বোচ্চ শুল্ক হার (২৫%) প্রযোজ্য রয়েছে এমন পণ্যের ক্ষেত্রে বর্তমানে বলবৎ ৫% রেগুলেটরি ডিউটি ২০১২-১৩ অর্থবছরেও অব্যাহত রাখা হয়েছে। তবে বিশেষ রেয়াতী সুবিধা প্রযোজ্য রয়েছে এমন পণ্য রেগুলেটরি ডিউটি এর আওতামুক্ত রাখা হয়েছে।

- গাড়ির সিসি স্তরভিত্তিক সম্পূরক শুল্কহার কিছুটা পরিবর্তন আনা হয়েছে, যা নিম্নরূপঃ

মোটর গাড়ীর বিবরণ	সম্পূরক শুল্কহার (%)
(ক) সিলিন্ডার ক্যাপাসিটি ১৫০০ পর্যন্ত	৪৫
(খ) সিলিন্ডার ক্যাপাসিটি ১৫০১ হতে ১৮০০ পর্যন্ত	১০০
(গ) সিলিন্ডার ক্যাপাসিটি ১৮০১ হতে ২০০০ পর্যন্ত	১৫০
(ঘ) সিলিন্ডার ক্যাপাসিটি ২০০১ হতে ২৭৫০ পর্যন্ত	২৫০
(ঙ) সিলিন্ডার ক্যাপাসিটি ২৭৫১ হতে ৪০০০ পর্যন্ত	৩৫০
(চ) সিলিন্ডার ক্যাপাসিটি ৪০০১ এবং তার্দুর্ধি	৫০০

- নতুন গাড়ী আমদানির ক্ষেত্রে যথাযথ শুল্কমূল্য নিরূপনের ক্ষেত্রে নতুন গাড়ীর শুল্কায়ন সম্পর্কিত প্রজ্ঞাপন সংশোধনপূর্বক যুগোপযোগী করা হয়েছে।
- পুরাতন/ব্যবহৃত পুনঃসংস্কারকৃত যানবাহনের ক্ষেত্রে Flat rate অবচয় পদ্ধতির অবচয়ের পরিমাণ সর্বসাকুল্যে ৩৫% বাহাল রাখা হয়েছে। পুরাতন গাড়ী আমদানির ক্ষেত্রে ৩(তিনি) বছরের স্থলে ৫ (পাঁচ) বছর পর্যন্ত গাড়ীর জন্য অবচয় সুবিধা কার্যকর করা হয়েছে।
- বিদ্যুৎ সান্ত্বনী LED tube light, Projector, Wind Shield glass সহ ৪৩টি পণ্যের আমদানি শুল্কহাস করা হয়েছে।
- দেশীয় শিল্পের প্রতিরক্ষণের আবেদন বিষয় বিবেচনা করে Surgical glass, Railway সহ ৩০টি পণ্যের আমদানি শুল্ক বৃদ্ধি করা হয়েছে।
- প্রসূতি মায়েদের Nutritional Supplement এর আমদানিতে প্রযোজ্য সম্পূরক শুল্ক (২০%) সম্পূর্ণরূপে প্রত্যাহার করা হয়েছে।
- দেশীয় উৎপাদকগণের প্রতিরক্ষণের উদ্দেশ্যে চা আমদানির উপর ২০% সম্পূরক শুল্ক আরোপ করা হয়েছে।
- কাপড় এবং তৈরী পোষাক আমদানির উপর সম্পূরক শুল্ক ৪৫% থেকে ৬০% এ বৃদ্ধি করা হয়েছে।
- বিদেশ থেকে আগত যাত্রীদের ক্ষেত্রে প্রযোজ্য ব্যাগেজ বিধিমালা অধিকতর সহজীকরণ করা হয়েছে।
- বাধ্যতামূলক প্রি-শিপমেন্ট ইন্সপেকশন ব্যবস্থার আওতা সংরুচিত করে ৫% এবং ১২% আমদানি শুল্ক স্লাবের পণ্যসমূহকে এই ব্যবস্থা আওতামুক্ত করা হয়েছে।
- The Customs Act, 1969 সংশোধনপূর্বক Intellectual Property Right (IPR) সংক্রান্ত বিধিবিধান অন্তর্ভুক্ত করা হয়েছে।

- World Customs Organization (WCO) এর সর্বশেষ সংশোধিত সংক্রণ Edition 2012 অনুযায়ী Bangladesh Customs Tariff (BCT) এর First Schedule সংশোধন করা হয়েছে।
- WCO এর সদস্য এবং Revised Kyoto Convention এর স্বাক্ষরকারী দেশ হিসেবে বাংলাদেশ শুল্ক বিভাগের সক্ষমতা বৃদ্ধির জন্য SAFE Framework এর আওতায় Columbus Program এর 2nd phase বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

মূল্য সংযোজন কর (মূসক) ব্যবস্থা

২০১২-১৩ অর্থবছরের মূল্যসংযোজন কর (মূসক) ব্যবস্থায় পদক্ষেপসমূহ নিম্নরূপঃ

- ০১। **মূল্য সংযোজন কর (মূসক) ব্যবস্থা সহজীকরণ ও সরলীকরণ বিষয়ে গৃহীত ব্যবস্থাদি নিম্নরূপঃ**
- (ক) এস.এম.ই খাতকে শক্তিশালী করার জন্য করহার ৩% করা হয়েছে;
 (খ) আমদানিকৃত সেবার ক্ষেত্রে রেয়াত গ্রহণ সুবিধা বৃদ্ধি করার জন্য মূসক আইনের ধারা ৯(১) এও যুক্ত করা হয়েছে;
 (গ) সংকুচিত ভিত্তি মূল্যকে যুগোপযোগী করার জন্য সংকুচিত ভিত্তি মূল্য সংক্রান্ত প্রজ্ঞাপনে পরিবর্তন আনা হয়েছে;
 (ঘ) আমদানি পর্যায়ে এটিভি আদায় সহজীকরণ করতে ব্যাখ্যা প্রদান করা হয়েছে;
 (ঙ) বিকল্প বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত আইন ও বিধিতে পরিবর্তন আনা হয়েছে;
 (চ) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩৭ ও ধারা ৫৫ এর মধ্যকার বর্তমান সংশয় দূর করা ও স্বেচ্ছাধীন ক্ষমতা কমিয়ে আনার জন্য আইন দু'টিতে বাস্তবসম্মত, ব্যবসা বান্ধব করা হয়েছে;
 (ছ) উৎসে মূসক কর্তন/আদায় প্রক্রিয়া সহজ করা হয়েছে।
- ০২। **মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি :**
- (ক) Sterile surgical catgut (আমদানি পর্যায়ে) (খ) Streptokinase (আমদানি পর্যায়ে)
 (গ) Insulin Pen (আমদানি পর্যায়ে) (ঘ) Other yarn, Single or viscose rayon, untinted or with a twist not exceeding 120 turns per metre (আমদানি পর্যায়ে)
 (ঙ) waste paper (নিউজ প্রিন্ট উৎপাদকদের ক্ষেত্রে) (আমদানি পর্যায়ে) (চ) ড্যাকসিনস ফর হিউম্যান মেডিসিন, ডেকসিনস ফর ভেটেরীনারী মেডিসিন, সকল প্রকার জন্ম নিরোধক ও ইনসুলিন (উৎপাদন পর্যায়ে) (ছ) অপরিশোধিত ক্রুড ও পরিশোধিত সোয়াবিন ও অপরিশোধিত পাম তেল ও সূর্যমুখী তেল (রেয়াতি হারে) (আমদানি পর্যায়ে) (জ) ইউএসজি এপ্লিকেটর, ধান, গম, ভুট্টা মাড়াই যন্ত্র (থ্রেশার মেশিন) (উৎপাদন পর্যায়ে) (ঝ) রাবার গাছ হতে নিঃস্ত তরল (লেটেক্স) (উৎপাদন পর্যায়ে) (ঝঝ) চালের কুড়া হতে উৎপাদিত তেল (উৎপাদন পর্যায়ে) (ট) প্লাষ্টিকের পাদুকা ও রাবারের হাওয়াই চপ্পল জোড়া প্রতি ১০০ টাকা মূল্যসীমা (উৎপাদন পর্যায়ে) (ঠ) জৈব সার (উৎপাদন ও ব্যবসায়ি পর্যায়ে) (ড) পণের বিনিময়ে করযোগ্য করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা (উৎসে কর্তনের ক্ষেত্র ব্যতিত) (সেবা প্রদান পর্যায়ে) (ঢ) স্থান ও স্থাপনার ভাড়া গ্রহণকারী (উৎপাদক প্রতিষ্ঠানের সেবা গ্রহণের ক্ষেত্রে) (ন) waste paper ও তুলা (যোগানদার সেবা প্রদান পর্যায়ে) (প) মেডিক্যাল ও ইঞ্জিনিয়ারিং কলেজ (সেবা প্রদান পর্যায়ে) (প) মেডিক্যাল ও ইঞ্জিনিয়ার কলেজ (সেবা প্রদান পর্যায়ে)।

০৩। **কর আপাতন ত্রাসকরণ :**

- (ক) জিপি শীট ও সিআই শীটের ট্যারিফ মূল্য কমানো হয়েছে;
 (খ) তথ্য প্রযুক্তি নির্ভর সেবার ক্ষেত্রে মূসক এর ত্রাসকৃত হার ৪.৫০% ধার্য করা হয়েছে।

০৪। **মূসক এর পরিধি বৃদ্ধি :**

- (ক) কনসালটেন্সী ফার্ম ও সুপারভাইজারী ফার্ম (খ) অডিট এন্ড একাউন্টিং ফার্ম (গ) সিকিউরিটি সার্ভিস (ঘ) আইন পরামর্শক (ঙ) যানবাহন ভাড়া প্রদানকারী (চ) ভবন মেঝে ও অঙ্গ পরিষ্কার/রক্ষণাবেক্ষণকারী সংস্থা (ছ) অনুষ্ঠান আয়োজক (জ) মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের ক্ষেত্রে নীট মূসক এর হার ৪.৫% এবং নিলামকৃত পণ্যের ক্রেতা এর নীট মূসক এর হার

৩% এর হলে ৪% ও আসবাবপত্রের বিপন্ন (শো-রুম) এর নীট মূসক এর হার ৩% এ হলে ৪%
ধার্যকরণ।

০৫। মূসক এর ট্যারিফ মূল্য বৃদ্ধি :

- ক) মশলা, টমেটো এবং ব্যানানা পান্না, আম, আনারস, পেয়ারার জুস এবং ইট;
- খ) তামাকজাতীয় পণ্য ও সিগারেটের মূল্যস্তর বৃদ্ধি।

০৬। সম্পূরক শুল্ক হার পুনর্বিন্যাস :

- ক) সকল ব্র্যান্ডের সিগারেটের সম্পূরক শুল্ক হার বৃদ্ধি;
- খ) ফেয়ারনেস ক্রিম ও সিনেমা হল থেকে সম্পূরক শুল্ক প্রত্যাহার;
- গ) সিরামিকসের তৈরী বাথটাব, সিন্ক, বেসিন, প্যাডেস্টাল কমোড ইত্যাদির উপর থেকে সম্পূরক
শুল্ক প্রত্যাহার করা হয়েছে।

দ্বিতীয় অংশ

প্রত্যক্ষ কর বিষয়ক পর্যালোচনা

০১। প্রত্যক্ষ করের দণ্ডরসমূহ

২০১২-১৩ অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ডের আওতায় প্রত্যক্ষ কর বিষয়ক কার্যক্রম সম্পাদনের কাজে ৪০টি প্রশাসনিক দণ্ডের সম্পৃক্ত ছিল। তন্মধ্যে রাজস্ব সংগ্রহের কাজে নিয়োজিত ছিল নিম্নোক্ত ৩১টি দণ্ডের :

- ০১। কর অঞ্চল-১, ঢাকা
- ০২। কর অঞ্চল-২, ঢাকা
- ০৩। কর অঞ্চল-৩, ঢাকা
- ০৪। কর অঞ্চল-৪, ঢাকা
- ০৫। কর অঞ্চল-৫, ঢাকা
- ০৬। কর অঞ্চল-৬, ঢাকা
- ০৭। কর অঞ্চল-৭, ঢাকা
- ০৮। কর অঞ্চল-৮, ঢাকা
- ০৯। কর অঞ্চল-৯, ঢাকা
- ১০। কর অঞ্চল-১০, ঢাকা
- ১১। কর অঞ্চল-১১, ঢাকা
- ১২। কর অঞ্চল-১২, ঢাকা
- ১৩। কর অঞ্চল-১৩, ঢাকা
- ১৪। কর অঞ্চল-১৪, ঢাকা
- ১৫। কর অঞ্চল-১৫, ঢাকা
- ১৬। বৃহৎ করদাতা ইউনিট (L T U), ঢাকা
- ১৭। কেন্দ্রীয় জরীপ অঞ্চল, ঢাকা
- ১৮। কর অঞ্চল-১, চট্টগ্রাম
- ১৯। কর অঞ্চল-২, চট্টগ্রাম
- ২০। কর অঞ্চল-৩, চট্টগ্রাম
- ২১। কর অঞ্চল-৪, চট্টগ্রাম
- ২২। কর অঞ্চল, রাজশাহী
- ২৩। কর অঞ্চল, খুলনা
- ২৪। কর অঞ্চল, বরিশাল
- ২৫। কর অঞ্চল, রংপুর
- ২৬। কর অঞ্চল, সিলেট
- ২৭। কর অঞ্চল, নারায়ণগঞ্জ
- ২৮। কর অঞ্চল, কুমিল্লা
- ২৯। কর অঞ্চল, ময়মনসিংহ
- ৩০। কর অঞ্চল, গাজীপুর
- ৩১। কর অঞ্চল, বগুড়া

উল্লেখ্য, কেন্দ্রীয় জরীপ অঞ্চল, ঢাকা রাজস্ব আদায় ও জরীপ উভয় প্রকার কাজই সম্পাদন করে থাকে। রাজস্ব সংগ্রহকারী ৩১টি প্রশাসনিক দণ্ডের মধ্যে ১৭টি ঢাকায়, ৪টি চট্টগ্রামে, ১টি রাজশাহীতে, ১টি খুলনায়, ১টি বরিশালে, ১টি রংপুরে, ১টি সিলেটে, ১টি নারায়ণগঞ্জে, ১টি কুমিল্লায়, ১টি ময়মনসিংহে, ১টি গাজীপুরে এবং ১টি বগুড়ায় অবস্থিত।

নিম্নোক্ত ৯টি দণ্ডের মধ্যে ৭টি আপীল কার্যক্রম পরিচালনায়, ১টি প্রশিক্ষণ সংক্রান্ত [বি.সি.এস (কর) একাডেমীর কার্যক্রম এর অন্তর্ভুক্ত] এবং ১টি পরিদর্শন সংক্রান্ত কাজে নিয়োজিত রয়েছেঃ

- ৩২। কর আপীল অঞ্চল-১, ঢাকা
- ৩৩। কর আপীল অঞ্চল-২, ঢাকা
- ৩৪। কর আপীল অঞ্চল-৩, ঢাকা
- ৩৫। কর আপীল অঞ্চল-৪, ঢাকা
- ৩৬। কর আপীল অঞ্চল, চট্টগ্রাম
- ৩৭। কর আপীল অঞ্চল, খুলনা
- ৩৮। কর আপীল অঞ্চল, রাজশাহী
- ৩৯। কর প্রশিক্ষণ পরিদণ্ডন, ঢাকা
- ৪০। কর পরিদর্শন পরিদণ্ডন, ঢাকা


এছাড়া অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীন কর আপীলাত ট্রাইবুনাল, ঢাকা প্রত্যক্ষ কর ব্যবস্থার সাথে জড়িত।

০২। লক্ষ্যমাত্রা ও আদায়


আয়কর

২০১২-১৩ অর্থবছরে আয়কর খাতে রাজস্ব লক্ষ্যমাত্রা ছিল ৩৫,৩০০ কোটি টাকা। এই লক্ষ্যমাত্রা জাতীয় রাজস্ব বোর্ডের মোট লক্ষ্যমাত্রার (১,১২,২৫৯ কোটি টাকা) ৩১.৪৫ শতাংশ (সারণী-৫) এবং প্রত্যক্ষ করের মোট লক্ষ্যমাত্রার (৩৬,২৫৯ কোটি টাকা) ৯৭.৩৬ শতাংশ (লেখচিত্র-১১)। এই অর্থবছরে আয়কর আদায় হয়েছে ৩৭১২০.৬৫ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রার চেয়ে ১,৮২০.৬৫ কোটি টাকা বা ৫.১৬ শতাংশ বেশী। লক্ষ্যমাত্রা অর্জনের হার ১০৫.১৬ শতাংশ। বিগত বছরের আদায়ের তুলনায় এ আদায় ৮,৪৬৮.২২ কোটি টাকা বা ২৯.৫৫ শতাংশ বেশী (সারণী-১৩) এবং আলোচ্য অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আদায়কৃত মোট রাজস্বের (১,০৯,১৫১.৭৩ কোটি টাকা) ৩৪.০১ শতাংশ (সারণী-৯) ও আদায়কৃত মোট প্রত্যক্ষ করের (কোটি টাকা) ৯৮.৪৪ শতাংশ (লেখচিত্র-১২)।

লেখচিত্র-১১ : প্রত্যক্ষ করের মোট লক্ষ্যমাত্রায়
আয়করের অংশ



লেখচিত্র-১২ : আদায়কৃত প্রত্যক্ষ করে
আয়করের অংশ




অন্যান্য কর ও শুল্ক

২০১২-১৩ অর্থবছরে অন্যান্য কর ও শুল্ক খাতে রাজস্ব লক্ষ্যমাত্রা ৯৫৯ কোটি টাকার বিপরীতে আদায় হয়েছে ৫৮৯.৮১ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রার চেয়ে ৩৬৯.১৯ কোটি টাকা বা ৩৮.৫০ শতাংশ কম। লক্ষ্যমাত্রা অর্জনের হার ৬১.৫০ শতাংশ (সারণী-৫)। এ আদায় বিগত অর্থবছরের তুলনায় ১০৮.৬৬ কোটি টাকা বা ২২.৫৮ শতাংশ বেশী (সারণী-১৩)। অন্যান্য কর ও শুল্ক খাতে আদায়কৃত রাজস্বের মধ্যে বৈদেশিক ভ্রমণ কর ৫৮৮.৭৬ কোটি টাকা এবং অন্যান্য কর খাতে ১.০৫ কোটি টাকা আদায় হয়েছে (সারণী-১৩)। অন্যান্য কর ও শুল্ক খাতের শতকরা ৯৯.৮২ শতাংশ আদায় হয়েছে বৈদেশিক ভ্রমণ কর হতে। ২০১২-১৩ অর্থবছরের অন্যান্য কর ও শুল্কের মাসভিত্তিক আদায় সারণী-২২ ও বৈদেশিক ভ্রমণ করের কর অঞ্চলভিত্তিক মাসওয়ারী আদায় সারণী-২৩ এ দেখানো হয়েছে।

আয়করের দণ্ডরভিত্তিক রাজস্ব

আয়করের দণ্ডসমূহের মধ্যে লক্ষ্যমাত্রা, আদায়ের পরিমাণ এবং মোট আদায়ের অংশ হিসেবে সবচেয়ে উপরে অবস্থান করছে বৃহৎ করদাতা ইউনিট (LTU)। এ দণ্ডের ১১,৬৮০ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে আদায় করেছে ১২,১৩৫.৪৭ কোটি টাকা। অর্থাৎ লক্ষ্যমাত্রার চেয়ে ৪৫৫.৪৭ কোটি টাকা বা ৩.৯০ শতাংশ বেশী আদায় করেছে। লক্ষ্যমাত্রা অর্জনের হার ১০৩.৯০ শতাংশ। LTU কর্তৃক আদায়কৃত আয়কর মোট আদায়কৃত আয়করের ৩২.৬৯ শতাংশ (সারা দেশের বড় বড় কোম্পানী এবং অন্যান্য গুরুত্বপূর্ণ করদাতাদের কর প্রদান/আদায় একটি দণ্ডের মাধ্যমে সম্পন্ন করার উদ্দেশ্যে বৃহৎ করদাতা ইউনিট (LTU) গঠন করা হয়েছিল)। এরপর দ্বিতীয় অবস্থানে আছে কর অঞ্চল-২, ঢাকা। এই কর অঞ্চল ৪,০০৮ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে আদায় করেছে ৪,৩৪৮.৭২ কোটি টাকা। লক্ষ্যমাত্রার চেয়ে ৩৪০.৭২ কোটি টাকা বা ৮.৫০ শতাংশ বেশী আদায় করেছে। লক্ষ্যমাত্রা অর্জনের হার ১০৮.৫০ শতাংশ। আদায়কৃত এ রাজস্ব আদায়কৃত মোট আয়করের প্রায় ১১.৭২ শতাংশ। তৃতীয় অবস্থানে রয়েছে কর অঞ্চল-১, ঢাকা। এই কর অঞ্চল ৩,২০০ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে আদায় করেছে ৩,৮৬৫.৯৫ কোটি টাকা। লক্ষ্যমাত্রার চেয়ে ৬৬৫.৯৫ কোটি টাকা বা ২০.৮১ শতাংশ বেশী আদায় করেছে। আদায়কৃত এ রাজস্ব আদায়কৃত মোট আয়করের প্রায় ১০.৪১ শতাংশ। আদায়কৃত মোট আয়করের দণ্ডরভিত্তিক আদায়ের অংশ লেখচিত্র-১৩ এ দেখানো হয়েছে। ২০১২-১৩ অর্থবছরে কর অঞ্চলভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায় তথ্য সারণী-২৪ এবং কর অঞ্চলভিত্তিক মাসিক লক্ষ্যমাত্রা ও আদায় তথ্য যথাক্রমে সারণী-২৫ এবং সারণী-২৬ এ দেখানো হয়েছে।




০৩। ইস আদায়, ফেরত ও নীট আদায়

২০১২-১৩ অর্থবছরে সর্বমোট আয়কর আদায় হয়েছে ৩৭,২০৮.০৮ কোটি টাকা। ফেরত প্রদান করা হয়েছে ৮৭.৪৩ কোটি টাকা। নীট আদায় হয়েছে ৩৭১২০.৬৫ কোটি টাকা। কর অঞ্চলভিত্তিক ইস আদায়, ফেরত ও নীট আদায় সারণী-২৭ এ দেখানো হয়েছে।

০৪। কয়েকটি বৃহৎখাতের আয়কর আদায়

২০১২-১৩ অর্থবছরে সর্বোচ্চ আয়কর আদায় হয়েছে উৎসে কর্তন থেকে। এর পরিমাণ ২০,০৭৮.৭১ কোটি টাকা। দ্বিতীয় সর্বোচ্চ আয়কর আদায় হয়েছে ৬৪ ধারায় প্রদত্ত অগ্রিম আয়কর থেকে, যার পরিমাণ ১১,৩২২.১০ কোটি টাকা এবং তৃতীয় সর্বোচ্চ আদায় হয়েছে ৭৪ ধারায় রিটার্নের ভিত্তিতে আদায়কৃত আয়কর থেকে, যার পরিমাণ ৩,৭৯৫.২৯ কোটি টাকা। ২০১২-১৩ অর্থবছরের কয়েকটি বৃহৎ খাতের আয়কর আদায় তথ্য সারণী-২৮ এ এবং আদায়কৃত মোট আয়করে কয়েকটি বৃহৎ খাতের আয়কর আদায়ের অংশ লেখচিত্র-১৪ এ দেখানো হয়েছে।



ক) উৎসে আয়কর কর্তন

২০১২-১৩ অর্থবছরে আদায়কৃত ৩৭১২০.৬৫ কোটি টাকা আয়করের মধ্যে ২০,০৭৮.৭১ কোটি টাকা উৎসে কর্তনের মাধ্যমে আদায় হয়েছে। অর্থাৎ মোট আদায়কৃত আয়করের ৫৪.০৯ শতাংশ আদায় হয়েছে উৎসে কর্তনের মাধ্যমে। ২০১২-১৩ অর্থবছর প্রধান খাতসমূহের উৎসে আয়কর কর্তনের পরিমাণ ও মোট উৎসে কর্তনের শতকরা অংশ সারণী-২৯ এ দেখানো হয়েছে। সর্বোচ্চ আদায় হয়েছে কন্ট্রাক্টর বা সাব কন্ট্রাক্টর প্রদত্ত অংক হতে, যার পরিমাণ ৫,৬৯৯.৬৩ কোটি টাকা। এরপরই উল্লেখ্যযোগ্য পরিমাণ আদায় হয়েছে আমদানিকারক থেকে, যার পরিমাণ ৩,৪৬২.৩৭ কোটি টাকা এবং তৃতীয় স্থানে আছে সঞ্চয়ী আমানত ও মেয়াদী আমানতের সুদ থেকে আদায় ২,৮৬৯.৮৫ কোটি টাকা। সর্বোচ্চ পরিমাণ উৎসে আয়কর আদায় করেছে কর অঞ্চল ঢাকা-২। ২০১২-১৩ অর্থবছরে প্রধান খাতসমূহের কর অঞ্চলভিত্তিক উৎসে আয়কর আদায়ের পরিমাণ সারণী-৩০ এ দেখানো হয়েছে।

খ) ৬৪ ধারায় প্রদত্ত অগ্রিম আয়কর ও ৭৪ ধারায় রিটার্নের ভিত্তিতে প্রদত্ত আয়কর

২০১২-১৩ অর্থবছরে আদায়কৃত ৩৭১২০.৬৫ কোটি টাকা আয়করের মধ্যে ৬৪ ধারায় প্রদত্ত অগ্রিম আয়করের পরিমাণ ১১,৩২২.১০ কোটি টাকা এবং ৭৪ ধারায় রিটার্নের ভিত্তিতে প্রদত্ত আয়করের পরিমাণ ৩,৭৯৫.২৯ কোটি টাকা, যা এই অর্থবছরে আদায়কৃত মোট আয়কর আদায়ের যথাক্রমে ৩০.৫০ শতাংশ এবং ১০.২২ শতাংশ। ২০১২-১৩ অর্থবছরের কর অঞ্চলভিত্তিক ৬৪ ধারায় প্রদত্ত অগ্রিম আয়কর ও ৭৪ ধারায় রিটার্নের ভিত্তিতে প্রদত্ত আয়কর এর তথ্য সারণী-৩১ এ দেখানো হয়েছে।

৬) কোম্পানী ও কোম্পানী ব্যতীত আয়কর আদায়

২০১২-১৩ অর্থবছরে নেট আদায়কৃত ৩৭,১২০.৬৫ কোটি টাকা আয়করের মধ্যে কোম্পানী হতে আদায় হয়েছে ২০,৪০৮.৯৩ কোটি টাকা, যা মোট আদায়ের ৫৪.৯৮ শতাংশ এবং কোম্পানী ব্যতীত আদায় হয়েছে ১৬,৭১১.৭২ কোটি টাকা, যা মোট আদায়ের ৪৫.০২ শতাংশ। ২০০০-০১ অর্থবছর থেকে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত কোম্পানী ও কোম্পানী ব্যতীত আয়কর আদায়ের পরিমাণ ও আদায়কৃত মোট আয়করের অংশ সারণী-৩২ এ দেখানো হয়েছে।

০৫। বকেয়া আয়কর ও আদায়কৃত বকেয়া আয়কর

২০১২-১৩ অর্থবছরে বকেয়া আয়করের পরিমাণ ছিল ৭,২৬৮.১০ কোটি টাকা এবং বকেয়া আয়কর আদায় হয়েছে ৯৯১.৭১ কোটি টাকা। সর্বাধিক বকেয়া আয়কর ৪১৮.০০ কোটি টাকা আদায় করেছে বৃহৎ করদাতা ইউনিট (LTU)। ২০১২-১৩ অর্থবছরের কর অঞ্চলভিত্তিক বকেয়া আয়করের পরিমাণ ও বকেয়া আদায়ের পরিমাণ সারণী-৩৩ এ দেখানো হয়েছে।

০৬। আয়কর দাবী ও আদায়

২০১২-১৩ অর্থবছরে আয়কর দাবীর মোট পরিমাণ ১৩,৮১৪.৭৮ কোটি টাকা। এর মধ্যে বকেয়া দাবীর পরিমাণ ছিল ৮,০৮৫.৬১ কোটি টাকা এবং সুষ্ঠ চলতি দাবীর পরিমাণ ৫,৭২৯.১৭ কোটি টাকা। আপীল রিভিশনের মাধ্যমে দাবী কমানোর পরিমাণ ১,৪৬২.৮৫ কোটি টাকা এবং স্থগিত দাবীর পরিমাণ ৩,৩৯৫.৯০ কোটি টাকা। আদায়যোগ্য দাবীর পরিমাণ ৮,৯৫৬.০৩ কোটি টাকা। মোট দাবীর মধ্যে ২০১২-১৩ অর্থবছরে আদায় হয়েছে ১,৯২৮.৮২ কোটি টাকা। এর মধ্যে ১,১১৩.৫৫ কোটি টাকা আদায় হয়েছে বকেয়া দাবী থেকে এবং ৮১৫.২৭ কোটি টাকা আদায় হয়েছে চলতি দাবী থেকে। ২০১২-১৩ অর্থবছরের কর অঞ্চলভিত্তিক আয়কর দাবী ও দাবী আদায়ের পরিমাণ সারণী-৩৪ এ দেখানো হয়েছে।

০৭। আয়কর মামলা

২০১২-১৩ অর্থবছরে আয়কর সংক্রান্ত বিভিন্ন ধরনের মামলার তথ্যাদি (আয়ের শ্রেণীর ভিত্তিতে কোম্পানী ও কোম্পানী ব্যতীত মামলার সংখ্যা ও নিষ্পত্তি মামলার সংখ্যা, পাবলিক লিমিটেড ও প্রাইভেট কোম্পানী মামলার সংখ্যা, বৈতানিক মামলা ও স্বনির্ধারণী মামলার সংখ্যা) সারণী-৩৫, সারণী-৩৬, সারণী-৩৭, সারণী-৩৮ ও সারণী-৩৯, সারণী-৪০, সারণী-৪১ এবং সারণী-৪২ এ দেখানো হয়েছে।

০৮। কর আপীল কার্যক্রম

অঞ্চলভিত্তিক ৭টি কর আপীল কার্যালয় কর আপীল (নিষ্পত্তি) সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করে থাকে। ৩০ জুন ২০১২পর্যন্ত অনিষ্পত্তি মামলার সংখ্যা ছিল ২,৭৯৩ টি ও জড়িত রাজস্বের পরিমাণ ১,৭৪০.৯৩ কোটি টাকা এবং ২০১২-১৩ অর্থবছরে দায়েরকৃত আপীল মামলার সংখ্যা ৯,১০৮টি ও জড়িত রাজস্বের পরিমাণ ১০,১৭৮.১০ কোটি টাকা। ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত মামলার মোট সংখ্যা ১১,৯০১ টি ও জড়িত রাজস্বের পরিমাণ ১১,৯১৯.০৩ কোটি টাকা। এ অর্থবছরে নিষ্পত্তি আপীল মামলার সংখ্যা ৯,৭০২টি ও জড়িত রাজস্বের পরিমাণ ৭,৭৩৬.৫০ কোটি টাকা। বর্তমান অর্থবছর শেষে অবশিষ্ট অনিষ্পত্তি মামলার সংখ্যা ২,১৯৯টি ও জড়িত রাজস্বের পরিমাণ ৪,১৮২.৫৮ কোটি টাকা। ২০১২-১৩ অর্থবছরের কর আপীল অঞ্চলভিত্তিক তথ্যাদি সারণী-৪৩ এ দেখানো হয়েছে।

এছাড়া ২০১২-১৩ অর্থবছরে কর আপীলাত ট্রাইবুনাল, ঢাকা তে দায়েরকৃত আপীল মামলার সংখ্যা ৪,৩০১টি ও জড়িত রাজস্বের পরিমাণ ৭,৯১৯.৮২ কোটি টাকা এবং ২০১১-১২ অর্থবছরে দায়েরকৃত আপীল মামলার সংখ্যা ছিল ৪,৭১১টি ও জড়িত রাজস্বের পরিমাণ ছিল ৩,২৫৭.৬৯ কোটি টাকা। ২০১১-১২ অর্থবছরের তুলনায় ২০১২-১৩ অর্থবছরে দায়েরকৃত মামলার সংখ্যা ৪১০টি হাস পেলেও জড়িত রাজস্বের পরিমাণ ৪৬৬২.১৩ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে।

২০১২-১৩ অর্থবছরে কর আপীলাত ট্রাইবুনাল কর্তৃক নিষ্পত্তি মামলার সংখ্যা ৪,৩২৫টি ও জড়িত রাজস্বের পরিমাণ ৭,৯১৩.৯৯ কোটি টাকা এবং ২০১১-১২ অর্থবছরে নিষ্পত্তি মামলার সংখ্যা ছিল ৪,৯৩৬টি ও জড়িত রাজস্বের পরিমাণ ৩,৩২৮.৯৮ কোটি টাকা। ২০১২-১৩ অর্থবছর শেষে অনিষ্পত্তি মামলার সংখ্যা ১,০৮৮টি এবং জড়িত রাজস্বের পরিমাণ ৭০৭.৩১ কোটি টাকা (সারণী-৪৮)।

০৯। আয়করদাতার সংখ্যা

২০১২-১৩ অর্থবছরে আয়করদাতার মোট সংখ্যা ছিল ২১,৫০,৬৭২ জন। তন্মধ্যে কোম্পানী করদাতার সংখ্যা ৫৭,৬৫৬ বৈতনিক করদাতার সংখ্যা ৪,৪১,৪৪০ জন এবং কোম্পানী বৈতনিক ব্যতীত করদাতার সংখ্যা ১৬,৫১,৫৭৬ জন (সারণী-৪৫)। ২০১২-১৩ অর্থবছরে আয়ের ধাপভিত্তিক আয়করদাতার সংখ্যা সারণী-৪৬ এ দেখানো হয়েছে। ২০১২-১৩ অর্থবছরে Section 45, 46, 46A এর অধীন কর অবকাশ প্রাপ্ত করদাতার সংখ্যা ছিল ২৬৬ এবং কর অবকাশের সাথে জড়িত রাজস্বের পরিমাণ ছিল ১৯৭.৫৯ কোটি টাকা এবং S.R.O এর অধীন কর অব্যাহতিপ্রাপ্ত করদাতার সংখ্যা ছিল ২০১ এবং কর অব্যাহতিপ্রাপ্ত রাজস্বের পরিমাণ ছিল ২৩৬.২১ কোটি টাকা (সারণী-৪৭)।

১০। দৈতকর পরিহার এবং কর ফাঁকি রোধ চুক্তি

২০১২-১৩ অর্থবছর পর্যন্ত বাংলাদেশের সাথে ৩১ টি দেশের দৈতকর পরিহার এবং কর ফাঁকি রোধ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। যে সব দেশের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে সে সব দেশের নাম ও চুক্তি স্বাক্ষরের তারিখ সারণী-৪৮ এ দেখানো হয়েছে।

১১। প্রত্যক্ষ কর আদায়ে প্রশাসনিক ব্যয়

আয়কর এবং অন্যান্য কর ও শুল্ক খাতে ২০১২-১৩ অর্থবছরে আয় হয়েছে ৩৭,৭১০.৪৬ কোটি টাকা এবং এ রাজস্ব সংগ্রহের জন্য ব্যয় হয়েছে ২১৯.৩৭ কোটি টাকা। প্রত্যক্ষ কর খাতে প্রতি ১০০ টাকা রাজস্ব আদায়ের জন্য প্রশাসনিক ব্যয় হয়েছে ০.৫৮ টাকা [সারণী-২০(ক)]।

১২। প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম

বিসিএস (কর) একাডেমী, ঢাকা ২০১২-১৩ অর্থবছরে যে সব প্রশিক্ষণ কোর্স সম্পাদন করেছে তার মধ্যে পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধি এর উপর প্রশিক্ষণ কোর্সই মুখ্য। বিসিএস (কর) একাডেমী অন্যান্য যে সব প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করেছে, তার মধ্যে আছে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কোর্স। ২০১২-১৩ অর্থবছরে মোট ১,৫৩৭ জন প্রশিক্ষণার্থী এই একাডেমী হতে প্রশিক্ষণ গ্রহণ করেছেন (সারণী-৪৯)।

পরোক্ষ কর বিষয়ক পর্যালোচনা

০১। পরোক্ষ করের দণ্ডরসমূহ

২০১২-১৩ অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ডের আওতায় নিম্নলিখিত ২৭টি দণ্ডের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে পরোক্ষ কর আদায় কার্যক্রমে সম্পৃক্ত ছিল :

- ১) কাস্টম হাউস, চট্টগ্রাম
- ২) কাস্টম হাউস, বেনাপোল
- ৩) কাস্টম হাউস, কুর্মিটোলা, ঢাকা
- ৪) কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা
- ৫) কাস্টম হাউস, মংলা
- ৬) কাস্টম হাউস, পানগাঁও
- ৭) কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা
- ৮) কাস্টমস্ বন্ড কমিশনারেট, চট্টগ্রাম
- ৯) বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা
- ১০) শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা
- ১১) শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা
- ১২) শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা
- ১৩) শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা
- ১৪) শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, চট্টগ্রাম
- ১৫) শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, কুমিল্লা
- ১৬) শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, রাজশাহী
- ১৭) শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, যশোর
- ১৮) শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, খুলনা
- ১৯) শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, সিলেট
- ২০) শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, রংপুর
- ২১) শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা
- ২২) নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদণ্ডের মূল্য সংযোজন কর, ঢাকা
- ২৩) শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদণ্ডের, ঢাকা
- ২৪) শুল্ক, আবগারী, ও মূসক আপীল কমিশনারেট, চট্টগ্রাম
- ২৫) শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদণ্ডের, ঢাকা
- ২৬) শুল্ক, আবগারী ও মূসক ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম
- ২৭) স্থায়ী প্রতিনিধির দণ্ডের, ব্রাসেলস্, বেলজিয়াম।


উপরের দণ্ডরসমূহের মধ্যে প্রথম ২০টি সরাসরি রাজস্ব আদায়ের সাথে সম্পৃক্ত। বিভিন্ন কাস্টম হাউস ও কমিশনারেট এর অধীন রয়েছে এক বা একাধিক কাস্টমস্ স্টেশন। তবে সকল কাস্টমস্ স্টেশন কার্যকর নেই। ঘোষিত কাস্টমস্ স্টেশনের সংখ্যা ৬৭টি। এর মধ্যে ৩৬টি কার্যকর আছে। কাস্টম হাউস ও কমিশনারেটভিত্তিক ঘোষিত ও কার্যকর কাস্টমস্ স্টেশনের নামের তালিকা সারণী-১০৫ এ দেয়া হয়েছে। এছাড়া অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীন শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর আপীলাত ট্রাইবুনাল, ঢাকা পরোক্ষ কর ব্যবস্থার সাথে জড়িত।

লক্ষ্যমাত্রা ও আদায়

২০১২-১৩ অর্থবছরে আমদানি ও রঞ্জনি পর্যায়ে রাজস্ব লক্ষ্যমাত্রা ছিল ৩৫,৬০০ কোটি টাকা এবং আদায় হয়েছে ৩২,৩১২.৫১ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রার চেয়ে ৩,২৮৭.৮৯ কোটি টাকা বা ৯.২৩ শতাংশ কম। লক্ষ্যমাত্রা অর্জনের হার ৯০.৭৭ শতাংশ। বিগত বছরের আদায়ের তুলনায় এ আদায় ৯৫৯.৭৩ কোটি টাকা বা ৩.০৬ শতাংশ বেশী (সারণী-১৩) এবং আলোচ্য অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আদায়কৃত মোট রাজস্বের ২৯.৬০ শতাংশ (সারণী-৬) ও আদায়কৃত মোট পরোক্ষ করের (৭১,৪৪১.২৭) ৮৫.২৩ শতাংশ।

দণ্ডরভিত্তিক রাজস্ব

আমদানি পর্যায়ে ২০১২-১৩ অর্থবছরে সর্বাধিক রাজস্ব আদায় করেছে কাস্টম হাউস, চট্টগ্রাম। ২৫,৮৯০ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে এ কাস্টম হাউস আদায় করেছে ২৩,২৬১.৯৭ কোটি টাকা। লক্ষ্যমাত্রার চেয়ে ২,৬২৮.০৩ কোটি টাকা কম আদায় করেছে। লক্ষ্যমাত্রা অর্জনের হার ৮৯.৮৫ শতাংশ। এ আদায় আমদানি ও রঞ্জনি পর্যায়ে আদায়কৃত মোট রাজস্বের ৭১.৯৯ শতাংশ এবং আদায়কৃত মোট পরোক্ষ করের (৭১,৪৪১.২৭) ৩২.৫৬ শতাংশ ও জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আদায়কৃত মোট রাজস্বের (১,০৯,১৫১.৭৩) ২১.৩১ শতাংশ। দ্বিতীয় স্থানে আছে কাস্টম হাউস, বেনাপোল। এ কাস্টম হাউস ২,৬২০ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে আদায় করেছে ২,২০২.৭০ কোটি টাকা। লক্ষ্যমাত্রার চেয়ে ৪১৭.৩০ কোটি টাকা কম আদায় করেছে। লক্ষ্যমাত্রা অর্জনের হার ৮৪.০৭ শতাংশ। এ আদায় আমদানি ও রঞ্জনি পর্যায়ে আদায়কৃত মোট রাজস্বের ৬.৮২ শতাংশ। আমদানি পর্যায়ে রাজস্ব আদায়ের ক্ষেত্রে তৃতীয় অবস্থানে আছে কাস্টম হাউস, আইসিডি। এ কাস্টম হাউস ২,২৩০ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে আদায় করেছে ১,৭৪৬.০৪ কোটি টাকা। লক্ষ্যমাত্রার চেয়ে ৪৮৩.৯৬ কোটি টাকা কম আদায় করেছে। লক্ষ্যমাত্রা অর্জনের হার ৭৮.৩০ শতাংশ। এ আদায় আমদানি ও রঞ্জনি পর্যায়ে আদায়কৃত মোট রাজস্বের ৫.৪০ শতাংশ। কাস্টম হাউজ ও কমিশনারেটভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায় তথ্য সারণী-৫০ এবং আমদানি ও রঞ্জনি পর্যায়ে আদায়কৃত মোট রাজস্বের দণ্ডরভিত্তিক আদায়ের অংশ লেখচিত্র-১৫এ দেখানো হয়েছে।




লেখচিত্র-১৫ : আমদানি ও রঞ্জনি পর্যায়ে আদায়কৃত রাজস্বের দণ্ডরভিত্তিক আদায়ের অংশ


খাতভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায়

২০১২-১৩ অর্থবছরে আমদানি ও রপ্তানি পর্যায়ে রাজস্ব লক্ষ্যমাত্রা ৩৫,৬০০ কোটি টাকার মধ্যে আমদানি শুল্কের লক্ষ্যমাত্রা ছিল ১৫,৮১৯.১৭ কোটি টাকা, মূল্য সংযোজন করের লক্ষ্যমাত্রা ছিল ১৪,৭১৩.৭০ কোটি টাকা এবং সম্পূরক শুল্কের লক্ষ্যমাত্রা ৫,৪৬৭.১৩ কোটি টাকা। আমদানি পর্যায়ে আদায়কৃত রাজস্ব ৩২,৩১২.৫১ কোটি টাকার মধ্যে আমদানি শুল্ক খাতে আদায় হয়েছে ১৩,২৫৯.৮২ কোটি টাকা, মূল্য সংযোজন কর খাতে আদায় হয়েছে ১৪,৮১৫.১৬ কোটি টাকা এবং সম্পূরক শুল্ক খাতে আদায় হয়েছে ৪,২০৪.৮৬ কোটি টাকা এবং রপ্তানি শুল্ক খাতে আদায় হয়েছে ৩৩.৪৭ কোটি টাকা।
২০১২-১৩ অর্থবছরে আমদানি ও রপ্তানি পর্যায়ে রাজস্বের মোট লক্ষ্যমাত্রার ও মোট আদায়ের খাতভিত্তিক শতকরা হার যথাক্রমে লেখচিত্র-১৬ ও লেখচিত্র-১৭ তে দেখানো হয়েছে।

লেখচিত্র-১৬ঃ আমদানি ও রপ্তানি পর্যায়ে
রাজস্বের মোট লক্ষ্যমাত্রার খাতভিত্তিক শতকরা
হার



লেখচিত্র-১৭ঃ আমদানি ও রপ্তানি পর্যায়ে
রাজস্বের মোট আদায়ের খাতভিত্তিক শতকরা



২০১২-১৩ অর্থবছরে কাস্টম হাউস ও কমিশনারেটভিত্তিক বিভিন্ন খাতের লক্ষ্যমাত্রা ও আদায় এবং লক্ষ্যমাত্রার সাথে আদায়ের পার্শ্বক্য (হাস/বৃদ্ধি) সারণী -৫১ এ দেখানো হয়েছে। এছাড়া ২০১২-১৩ অর্থবছরে আমদানি ও রপ্তানি পর্যায়ের রাজস্বের খাতভিত্তিক মাসিক লক্ষ্যমাত্রা ও আদায় তথ্য সারণী-৫২, কাস্টম হাউস/কমিশনারেটওয়ারী মাসভিত্তিক রাজস্ব লক্ষ্যমাত্রা ও আদায় তথ্য সারণী-৫৩, কাস্টম হাউস/কমিশনারেটওয়ারী আমদানি শুল্কের মাসভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায় সারণী-৫৪, রপ্তানি শুল্কের মাসভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায় সারণী-৫৫, আমদানি পর্যায়ে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের মাসভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায় যথাক্রমে সারণী-৫৬ তে ও সারণী - ৫৭তে দেখানো হয়েছে।

আমদানি পর্যায়ে আদায়কৃত রাজস্বের মধ্যে নিলাম থেকে প্রাপ্ত অর্থ ও আদায়কৃত বকেয়া রাজস্ব রয়েছে। আমদানী পর্যায়ে ফেরতকৃত অর্থ সমন্বয় করে আমদানি পর্যায়ে আদায়কৃত রাজস্বের পরিমাণ ৩২,৩১২.৫১ কোটি টাকার চূড়ান্ত বিবরণী তৈরী করা হয়েছে। ২০১২-১৩ অর্থবছরে আমদানি পর্যায়ে নিলামের মাধ্যমে গৃহীত হয়েছে ৮৪.৩৬ কোটি টাকা এবং বকেয়া রাজস্ব আদায় হয়েছে ৭.৩৬ কোটি টাকা। ফেরত দেয়া হয়েছে ৯৪.৯০ কোটি টাকা। এর মধ্যে আমদানি শুল্ক ফেরত দেয়া হয়েছে ৬৩.০৩ কোটি টাকা, মূল্য সংযোজন কর ফেরত দেয়া হয়েছে ৩১.৩২ কোটি টাকা এবং সম্পূরক শুল্ক ফেরত দেয়া হয়েছে ০.৫৫ কোটি টাকা। আমদানি পর্যায়ে আদায়কৃত নীট রাজস্ব ৩২৩১২.৫১ কোটি টাকার মধ্যে রয়েছে ১১,৮২৯.৯৬ কোটি টাকা আমদানি শুল্ক, ৮৯৮.৮৮ কোটি টাকা রেগলেটরী ডিউটি, জরিমানা ও দন্ত ২৬৯.১১ কোটি টাকা, অন্যান্য কর ও বিবিধ যথাক্রমে ২১.১০ কোটি ও ২০৮.২৩ কোটি টাকা, মূল্য সংযোজন কর ১৪,৮১৫.১৬ কোটি টাকা এবং সম্পূরক শুল্ক ৪,২০৪.৮৬ কোটি টাকা। ২০১২-১৩ অর্থবছরের আমদানি ও রপ্তানি পর্যায়ে কাস্টম হাউস ও কমিশনারেটওয়ারী খাতভিত্তিক চূড়ান্ত রাজস্ব তথ্য সারণী-৫৮ তে এবং খাতওয়ারী মাসভিত্তিক তথ্য সারণী-৫৯ তে দেখানো হয়েছে।

আমদানি পর্যায়ে সংগৃহীত কিন্তু আমদানি শুল্কের হিসাবে অন্তর্ভুক্ত নয় এমন করাদি/ফি

আমদানি পর্যায়ের শুল্কের হিসাবে অন্তর্ভুক্ত নয় এমন কিছু কর/ফি আমদানি পর্যায়ে সংগৃহীত হয়। ২০১২-১৩ অর্থবছরে এ ধরনের করাদি ও ফি সংগ্রহের পরিমাণ ছিল ৬,৬৪৯.৫৭ কোটি টাকা। এর মধ্যে অগ্রিম আয়করের পরিমাণ ৩,৪৮৫.৭১ কোটি টাকা, অগ্রিম মূল্য সংযোজন করের পরিমাণ ২,৭১৬.০৯ কোটি টাকা, পিএসআই ফি ৪২.৩৬ কোটি টাকা, সি এন্ড এফ মুসক ১০৮.৩০ কোটি টাকা এবং সি এন্ড এফ অগ্রিম আয়কর ২৯৭.১০ কোটি টাকা। কাস্টম হাউস ও কমিশনারেটভিত্তিক এ সংক্রান্ত পরিসংখ্যান সারণী-৬০ তে দেখানো হয়েছে।

আমদানিকৃত পণ্যের মূল্য

২০১২-১৩ অর্থবছরে আমদানিকৃত পণ্যের মোট মূল্য ছিল ৪,২০,৭৮০.০৮ কোটি টাকা। এর মধ্যে শুল্ক-কর প্রদেয় পণ্য অর্থাৎ শুল্ক-যুক্ত পণ্য মূল্য ছিল ২,২৮,৭১০.০৯ কোটি টাকা এবং শুল্ক-মুক্ত পণ্য মূল্য ছিল ১,৯২,০৬৯.৯৯ কোটি টাকা। শুল্ক-কর প্রদেয় অর্থাৎ শুল্ক-যুক্ত পণ্যের মধ্যে অন্তর্ভুক্ত আছে সাধারণ আমদানি, দেশে ব্যবহারের জন্য বড়ের মাধ্যমে আমদানি, ১০০ শতাংশ রঙ্গানিমুখী প্রতিষ্ঠান কর্তৃক বড়ে আমদানি, ইপিজেডে অবস্থিত প্রতিষ্ঠান কর্তৃক আমদানি এবং ডিপ্লোমেটিক বড়েডওয়ার হাউস কর্তৃক আমদানি এবং অন্যান্য। আইন অথবা এস.আর.ও দ্বারা অব্যাহতি প্রাপ্ত পণ্যকে শুল্ক-মুক্ত পণ্য হিসাবে দেখানো হয়েছে। শুল্ক-কর প্রদেয় আমদানিকৃত পণ্যের মধ্যে রয়েছে সাধারণ আমদানি ১,৯৯,৭৫৫.১৭ কোটি টাকার, হোম কনজামশনের জন্য বড়ে আমদানি ২৭,৩৯১.২৭ কোটি টাকার, ১০০ শতাংশ রঙ্গানিমুখী প্রতিষ্ঠান কর্তৃক আমদানি ৪৮,১১১.৫৭ কোটি টাকার, ইপিজেডে অবস্থিত প্রতিষ্ঠান কর্তৃক বড়ে আমদানি ২৬,৫০৩.২৭ কোটি টাকার এবং ডিপ্লোমেটিক বড়েডওয়ারহাউস কর্তৃক আমদানিকৃত ৮১.৬৭ কোটি টাকার এবং অন্যান্য ৩১.৬১ কোটি টাকার পণ্য। আমদানিকৃত পণ্যের মোট মূল্যের ৫৪.৩৫ শতাংশ শুল্ক-কর প্রদেয় পণ্য অর্থাৎ শুল্ক-যুক্ত পণ্য এবং ৪৫.৬৫ শতাংশ শুল্ক-মুক্ত পণ্য। মোট শুল্ক-কর যুক্ত পণ্য ২,২৮,৭১০.০৯ কোটি টাকার মধ্যে ১,৪৭,১৪৬.৪৪ কোটি টাকা মূল্যের পণ্য থেকে রাজস্ব আদায় হয়েছে। বাকী ৮১,৫৬৩.৬৫ কোটি টাকা মূল্যের শুল্ক-যুক্ত পণ্য রঙ্গানির উদ্দেশ্যে আমদানি করায় কোন শুল্ক-কর আদায় হয়নি। কাস্টম হাউস ও কমিশনারেটভিত্তিক শুল্ক-যুক্ত পণ্য এবং শুল্ক-মুক্ত পণ্য আমদানির পরিসংখ্যান সারণী-৬১ তে এবং কাস্টম হাউস ও কমিশনারেটওয়ারী মাসভিত্তিক আমদানিকৃত শুল্ক-কর প্রদেয় ও শুল্ক-কর মুক্ত পণ্য মূল্য সারণী-৬২ এ দেখানো হয়েছে।

শুল্ক হারভিত্তিক আমদানিকৃত পণ্যের মূল্য ও আদায়কৃত রাজস্ব

শুল্ক হারভিত্তিক আমদানিকৃত পণ্যের মূল্য পর্যালোচনায় দেখা যায় যে, শুণ্য হার বা শুল্ক-মুক্ত পণ্য সর্বাধিক মূল্যের আমদানি হয়েছে যার মূল্য ৮৮,৪১৭.০৮ কোটি টাকা। মূল্যের দিক থেকে আমদানিকৃত পণ্যের দ্বিতীয় অবস্থানে রয়েছে ৫ শতাংশ শুল্ক হারের পণ্য যার মূল্য ৩১,৬০৮.০৫ কোটি টাকা এবং তৃতীয় অবস্থানে রয়েছে ৩ শতাংশ শুল্ক হারের পণ্য যার মূল্য ২৮,১০৯.১৪ কোটি টাকা। আমদানি পর্যায়ে আদায়কৃত রাজস্বের মধ্যে সবচেয়ে বেশী রাজস্ব আদায় হয়েছে ২৫ শতাংশ শুল্ক হারের পণ্য থেকে, যার মূল্য ১৯,৭০৮.৯৫ কোটি টাকা এবং আদায়কৃত রাজস্বের পরিমাণ ১২,৯৪৩.৬৭ কোটি টাকা। দ্বিতীয় সর্বাধিক রাজস্ব আদায় হয়েছে ১২ শতাংশ শুল্ক হারের পণ্য থেকে এবং তৃতীয় সর্বাধিক রাজস্ব আদায় হয়েছে ৫ শতাংশ শুল্ক হারের পণ্য থেকে। ১২ শতাংশ ও ৫ শতাংশ শুল্ক হারের পণ্য থেকে আদায়কৃত রাজস্বের পরিমাণ যথাক্রমে ৬,৬৮৩.৩৫ কোটি টাকা এবং ৫,৬৩৫.৮৪ কোটি টাকা। ২০১২-১৩ অর্থবছরে বিভিন্ন শুল্ক হারে আমদানিকৃত পণ্যের মূল্য ও আদায়কৃত রাজস্বের পরিমাণ সারণী-৬৩ এ দেখানো হয়েছে।

আমদানিকৃত মুখ্য পণ্য

২০১২-১৩ অর্থবছরে আমদানিকৃত মুখ্য পণ্যের তালিকায় রয়েছে যন্ত্রপাতি ও যান্ত্রিক সরঞ্জামাদি, মাটের গাড়ী ও অন্যান্য যানবাহন, লৌহ, ইস্পাত ও তদজাত দ্রব্যাদি ইত্যাদি। ২০১২-১৩ অর্থবছরে সর্বাধিক রাজস্ব আদায় হয়েছে যন্ত্রপাতি ও যান্ত্রিক সরঞ্জামাদি থেকে। এর পরিমাণ ৪,৪৭১.২৩ কোটি টাকা। দ্বিতীয় অবস্থানে রয়েছে মোটের গাড়ী ও অন্যান্য যানবাহন। এর থেকে আদায় হয়েছে ৩,৫৯০.৬৬ কোটি টাকা। তৃতীয় অবস্থানে রয়েছে লৌহ, ইস্পাত ও তদজাত দ্রব্যাদি। এ জাতীয় পণ্য থেকে রাজস্ব আদায় হয়েছে ২,৯৯৪.০৯ কোটি টাকা। আমদানিকৃত মুখ্য পণ্যের আমদানি মূল্য ও আদায়কৃত রাজস্ব সারণী-৬৪ তে দেখানো হয়েছে।

আমদানিকৃত নিত্য প্রয়োজনীয় পণ্য

জনগণের দৈনন্দিন চাহিদা মিটানোর জন্য বিদেশ থেকে কিছু নিত্য প্রয়োজনীয় পণ্য আমদানি করতে হয়। এর মধ্যে চাল, গম, ডাল, বিভিন্ন ধরনের ভোজ্য তেল, চিনি, গুঁড়া দুধ, পেঁয়াজ, রসুন, আদা, জিরাসহ বিভিন্ন ধরনের মসলা, আলু, টমেটো উল্লেখযোগ্য। ২০১২-১৩ অর্থবছরে আমদানি পর্যায়ে এ ধরনের নিত্য প্রয়োজনীয় পণ্যের আমদানির পরিমাণ ৪২,৪৪,২৬৩.৬৬ মেট্রিক টন এবং আমদানি মূল্য ৫১,৭০৬.৪৩ কোটি টাকা। ২০১১-১২ অর্থবছরে আমদানিকৃত এধরনের পণ্যের পরিমাণ ছিল ১,৩৬,৬৭,২২০.১৭ মেট্রিক টন এবং আমদানি মূল্য ৫১,৭০৬.৪৩ কোটি টাকা। অর্থাৎ ২০১১-১২ অর্থবছরের তুলনায় ২০১২-১৩ অর্থবছরে আমদানির পরিমাণ ৯৪,২২,৯৫৬.৫১ মেট্রিক টন বা ৬৮.৯৫ শতাংশ কম এবং আমদানি মূল্য ১৪,১৭৫.৯৯ কোটি টাকা বা ৩৭.৭৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২০১১-১২ অর্থবছর এবং ২০১২-১৩ অর্থবছরের কিছু নিত্য প্রয়োজনীয় পণ্যের আমদানির পরিমাণ ও মূল্য সারণী-৬৫ তে দেখানো হয়েছে।

রঞ্জানি সংক্রান্ত তথ্য

২০১২-১৩ অর্থবছরে রঞ্জানিকৃত পণ্যের সর্বমোট মূল্য ৩৮,১৯৫ কোটি টাকা, যা পূর্ববর্তী বছরের মোট রঞ্জানি মূল্য ১,৫৯,৬৯৭.৮২ কোটি টাকার চেয়ে ১,২১,৫০২.৮২ কোটি টাকা বা ৭৬.০৮ শতাংশ কম। দেশের সর্বাধিক রঞ্জানি (মোট রঞ্জানির ৫৬.২৩ শতাংশ) সম্পূর্ণ হয় কাস্টম হাউস, ঢাকা এর মাধ্যমে। দ্বিতীয় অবস্থানে রয়েছে কাস্টম হাউস, আইসিডি (মোট রঞ্জানির ১৭.১৭ শতাংশ) এবং তৃতীয় অবস্থানে রয়েছে কাস্টম হাউস, চট্টগ্রাম (মোট রঞ্জানির ১০.২৯ শতাংশ)। ২০১২-১৩ অর্থবছরে বাংলাদেশ থেকে যে সব পণ্য রঞ্জানি হয়েছে তার মধ্যে তৈরী পোষাক রঞ্জানি হয়েছে সর্বাধিক। মোট রঞ্জানি মূল্যের ৩৮.৬৬ শতাংশ তৈরী পোষাক রঞ্জানি হয়েছে। তৈরী পোষাকের মধ্যে ওভেন তৈরী পোষাক মোট রঞ্জানির মূল্যের ১৫.১৪ শতাংশ এবং নৌটেড তৈরী পোষাক মোট রঞ্জানি মূল্যের ২৩.৫২ শতাংশ। দ্বিতীয় অবস্থানে রয়েছে মাছ (মোট রঞ্জানি মূল্যের ৯.২৫ শতাংশ) এবং তৃতীয় অবস্থানে রয়েছে চামড়া (মোট রঞ্জানি মূল্যের ৩.৮৪ শতাংশ)। ২০১২-১৩ অর্থবছরে কাস্টম হাউস ও কমিশনারেটভিভিক রঞ্জানিকৃত পণ্যের মূল্য সারণী-৬৬ তে এবং মুখ্য কয়েকটি রঞ্জানি পণ্য রঞ্জানির পরিমাণ ও মূল্যের তথ্য সারণী-৬৭ তে দেখানো হয়েছে।

বিল অব এন্ট্রি ও বিল অব এক্সপোর্টের সংখ্যা

আমদানি ও রঞ্জানি পর্যায়ের কার্যক্রমের পরিমাণ নির্ধারণের প্রধান নির্দেশক বিল অব এন্ট্রি ও বিল অব এক্সপোর্টের সংখ্যা। ২০১২-১৩ অর্থবছরে দাখিলকৃত বিল অব এন্ট্রির সংখ্যা ছিল ৫,৪৯,৯৩৭টি এবং খালাসকৃত বিল এন্ট্রির সংখ্যা ছিল ৫,৮৮,৫৮৭টি। অপরদিকে দাখিলকৃত বিল অব এক্সপোর্টের সংখ্যা ছিল ৮,৮৯,৫২৮টি এবং খালাসকৃত বিল অব এক্সপোর্টের সংখ্যা ছিল ৮,৯৪,৪৫৫টি। ২০১১-১২ অর্থবছরে বিল অব এন্ট্রির দাখিলকৃত ও খালাসকৃত সংখ্যা ছিল যথাক্রমে ৭,৪৭,৫২৭টি ও ৭,৬৭,৭০৮টি এবং বিল অব এক্সপোর্টের দাখিলকৃত ও খালাসকৃত সংখ্যা ছিল যথাক্রমে ৬,৮০,১৭২টি ও ৬,৭১,১৯৬টি। ২০১১-১২ অর্থবছরের তুলনায় ২০১২-১৩ অর্থবছরে ১,৯৭,৫৯০টি বিল অব এন্ট্রি কম দাখিল হয়েছে অর্থাৎ বিল অব এন্ট্রি দাখিলের সংখ্যা ২৬.৪৩ শতাংশ হ্রাস পেয়েছে। একইভাবে বিল অব এন্ট্রি খালাসের সংখ্যা হ্রাস পেয়েছে ১,৭৯,১১৭টি অর্থাৎ ২৩.৩৩ শতাংশ। ২০১০-১১ অর্থবছরের সাথে ২০১২-১৩ অর্থবছরের বিল এক্সপোর্ট দাখিলের সংখ্যা বৃদ্ধি পেয়েছে ২,০৯,৩৫৬টি অর্থাৎ ৩০.৭৮ শতাংশ এবং বিল এক্সপোর্ট খালাসের সংখ্যা বৃদ্ধি পেয়েছে ২,২২,৯৫৯টি অর্থাৎ ৩৩.২০ শতাংশ। ২০১২-১৩ অর্থবছরে কাস্টম হাউস/কমিশনারেটভিভিক বিল অব এন্ট্রি ও বিল অব এক্সপোর্টের সংখ্যা সারণী-৬৮ তে দেখানো হয়েছে।

আগত যাত্রী ও বহির্গামী যাত্রী

২০১২-১৩ অর্থবছরে বিভিন্ন কাস্টম হাউস/কমিশনারেট এর মাধ্যমে আগত যাত্রীর সংখ্যা ৩,০৮৩,০৬১ জন এবং বহির্গামী যাত্রীর সংখ্যা ৩২,০২,৫৫৯ জন। ২০১১-১২ অর্থবছরে আগত এবং বহির্গামী যাত্রীর সংখ্যা ছিল যথাক্রমে ২৭,৭৯,৪২৯ জন ও ২৯,৮৮,৫১১ জন। ২০১১-১২ অর্থবছরের তুলনায় ২০১২-১৩ অর্থবছরে আগত যাত্রী ৩,০৩,৬৩২ জন বা ১০.৯২ শতাংশ বেশী এবং বহির্গামী যাত্রী ২,১৪,০৪৮ জন বা ৭.১৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ২০১১-১২ অর্থবছর ও ২০১২-১৩ অর্থবছরের বিভিন্ন কমিশনারেটভিভিক যাত্রী সংখ্যা সারণী-৬৯ তে এবং মাসভিত্তিক যাত্রী সংখ্যা সারণী-৭০ তে দেখানো হয়েছে।

আমদানিকৃত ব্যাগেজের পণ্যমূল্য ও সংগৃহীত রাজস্ব

২০১২-১৩ অর্থবছরে আমদানিকৃত ব্যাগেজের পণ্যমূল্য ৯৮.৯৯ কোটি টাকা এবং আমদানি ব্যাগেজ থেকে আদায়কৃত রাজস্বের পরিমাণ ১৪৮.৬৩ কোটি টাকা। এর মধ্যে শুল্ক-করাদির পরিমাণ ১৩৯.৯৮ কোটি টাকা এবং অর্থদণ্ড/জরিমানার পরিমাণ ৮.৬৫ কোটি টাকা। ২০১২-১৩ অর্থবছরে আমদানিকৃত ব্যাগেজের পণ্যমূল্য ২০১১-১২ অর্থবছরে আমদানিকৃত ব্যাগেজের পণ্যমূল্য ৬৭.৫৭ কোটি টাকা থেকে ৩১.৪২ কোটি টাকা বা ৪৬.৫০ শতাংশ বেশী এবং ব্যাগেজ থেকে আদায়কৃত রাজস্ব ২০১১-১২ অর্থবছরে আদায়কৃত রাজস্ব ১২৬.৪৭ কোটি টাকা থেকে ২২.১৬ কোটি টাকা বা ১৭.৫২ শতাংশ বেশী। ২০১১-১২ অর্থবছর ও ২০১২-১৩ অর্থবছরের দপ্তরভিত্তিক আমদানিকৃত ব্যাগেজের পণ্য মূল্য ও আদায়কৃত রাজস্বের পরিমাণ সারণী-৭১ তে এবং মাসভিত্তিক তথ্য সারণী-৭২ এ দেখানো হয়েছে।

কাস্টমস് করিডোরের মাধ্যমে আদায়কৃত রাজস্ব

২০১২-১৩ অর্থবছরে কাস্টমস് করিডোরের মাধ্যমে আহরিত রাজস্বের পরিমাণ ৯৯.৯০ কোটি টাকা। করিডোরের মাধ্যমে আগত গবাদিপশুর সংখ্যা ১৯,৯৪,৪৮৩টি। ২০১১-১২ অর্থবছরে রাজস্বের পরিমাণ ছিল ৬২.৪২ কোটি টাকা এবং আগত গবাদিপশু সংখ্যা ছিল ১২,৪৯,৮৫৮টি। ২০১১-১২ অর্থবছরের তুলনায় ২০১২-১৩ অর্থবছরে পশু আমদানির সংখ্যা ৫৯.৫৮ শতাংশ বেশী হয়েছে এবং রাজস্ব বৃদ্ধি পেয়েছে ৬০.০৪ শতাংশ। ২০১২-১৩ অর্থবছরে বিভিন্ন কমিশনারেটভিত্তিক পরিসংখ্যান সারণী-৭৪ এ দেখানো হয়েছে।

কাস্টমস্ সংক্রান্ত আটক মামলা

২০১২-১৩ অর্থবছরে বিভিন্ন আটককারী সংস্থা এবং কাস্টমস বিভাগ কর্তৃক দায়েরকৃত কাস্টমস্ সংক্রান্ত আটক মামলার সংখ্যা ৫,৩৯৪টি এবং আটককৃত পণ্যের মূল্য ৪৫১.৬১ কোটি টাকা। কাস্টম হাউস ও কমিশনারেটভিত্তিক আটক মামলার সংখ্যা ও আটককৃত পণ্যের মূল্য সারণী-৭৩ এ দেখানো হয়েছে। উল্লিখিত আটক মামলার মধ্যে বর্ডার গার্ড বাংলাদেশ কর্তৃক দায়েকৃত আটক মামলার সংখ্যা ৩,৩৫২টি এবং আটক পণ্যের মূল্য ১৫০.১৩ কোটি টাকা। কাস্টমস্ বিভাগ কর্তৃক দায়েরকৃত আটক মামলার সংখ্যা ১,২৩৩টি এবং আটক পণ্যের মূল্য ২৯৫.১০ কোটি টাকা। কাস্টমস্ বা মূল্য সংযোজন কর নির্বিশেষে কাস্টম হাউস ও কমিশনারেটসমূহের আওতায় ২০১২-১৩ অর্থবছরে আটককৃত প্রধান কয়েকটি আটক পণ্যের (মূল্যভিত্তিক) তথ্য সারণী-৭৫ এ এবং ২০১২-১৩ অর্থবছরে আটককৃত স্বর্ণ, রৌপ্য ও বৈদেশিক মুদ্রার পরিমাণ সারণী-৭৬ এ দেখানো হয়েছে।

কাস্টমস্ (শুল্ক) নিরীক্ষা সংক্রান্ত তথ্যাদি

শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট কাস্টমস্ (শুল্ক) সংক্রান্ত নিরীক্ষা করে থাকে। এ দপ্তরের অধীনে ২০১২-১৩ অর্থবছরে ২৪০টি বিল অব এন্ট্রি নিরীক্ষা করে কাস্টম হাউস, চট্টগ্রাম, কাস্টম হাউস, ঢাকা, কাস্টম হাউস, আইসিডি, ঢাকা, কাস্টম হাউস, মংলা, কাস্টমস, একাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা এবং কাস্টম হাউস, বেনাপোল ৯.২৭ কোটি টাকা রাজস্ব ফাঁকি উৎঘাটন করেছে। ২০০৯-১০ অর্থবছর থেকে ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট কর্তৃক সম্পাদিত নিরীক্ষা সংক্রান্ত তথ্য সারণী-৭৭ এ দেখানো হয়েছে।

নিলাম

২০১২-১৩ অর্থবছরে অনুষ্ঠিত নিলামের সংখ্যা ৫৫২টি এবং নিলামের মাধ্যমে সংগৃহীত রাজস্বের পরিমাণ ৩৫.৯৫ কোটি টাকা। নিলামের মধ্যে সাধারণ নিলামের সংখ্যা ৪৬৭টি, গবাদি পশু নিলামের সংখ্যা ৮৫টি এবং এর মাধ্যমে সংগৃহীত রাজস্বের পরিমাণ যথাক্রমে ৩১.৭৯ কোটি টাকা ও ৪.১৭ কোটি টাকা। ২০১২-১৩ অর্থবছরে বিভিন্ন কমিশনারেটভিত্তিক পরিসংখ্যান সারণী-৭৮ এ দেখানো হয়েছে।

বকেয়া রাজস্ব

২০১২-১৩ অর্থবছরে বকেয়া রাজস্বের পরিমাণ ছিল ৩,১১০.০৬ কোটি টাকা। এর মধ্যে হাইকোর্টে বিচারাধীন মামলায় জড়িত বকেয়া রাজস্ব ৮৪২.১২ কোটি টাকাসহ আপীলাত ট্রাইবুনাল, আপীল কমিশনারেট, সার্টিফিকেট মামলা ও সুপ্রিম কোর্টে বিচারাধীন মামলায় জড়িত মোট বকেয়া রাজস্বের পরিমাণ ২,৫৫৩.৫১ কোটি টাকা। অর্থাৎ মামলা ব্যতিত বকেয়া রাজস্বের পরিমাণ ৫৫৬.৫৪ কোটি টাকা। ২০১২-১৩ অর্থবছরে আদায়কৃত বকেয়া রাজস্বের পরিমাণ ছিল ২১২.৫৩ কোটি টাকা। কাস্টম হাউস ও কমিশনারেটভিত্তিক বকেয়া রাজস্ব পরিস্থিতি সারণী-৭৯ এ দেখানো হয়েছে।

বন্ডেড ওয়্যারহাউজ সংক্রান্ত তথ্যাদি

২০১২-১৩ অর্থবছর পর্যন্ত বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের সংখ্যা ৬,৯৭৫টি। এর মধ্যে ১০০ শতাংশ রপ্তানিমুখী প্রতিষ্ঠানের বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্সের সংখ্যা ৬,৮৮৫টি এবং ১০০ শতাংশ রপ্তানিমুখী প্রতিষ্ঠান ব্যতিত বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্সের সংখ্যা ৯০টি। ১০০ শতাংশ রপ্তানিমুখী প্রতিষ্ঠানের মধ্যে সরাসরি রপ্তানিমুখী প্রতিষ্ঠানের বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্সের সংখ্যা ৪,৯৪১টি এবং প্রচলন রপ্তানিমুখী প্রতিষ্ঠানের বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্সের সংখ্যা ১,৯৪৮টি। ইপিজেড (EPZ) এ অবস্থিত প্রতিষ্ঠানের বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্সের সংখ্যা ৬৮৮টি। ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্সের সংখ্যা ২৪টি এবং হোম কনজ্যামশন বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্সের সংখ্যা ৬৩টি। ২০১২-১৩ অর্থবছরে বন্ডেড ওয়্যারহাউজ থেকে আদায়কৃত রাজস্বের পরিমাণ ৪৫২.৯০ কোটি টাকা। যা ২০১১-১২ অর্থবছরে আদায়কৃত ৩৪১.৭২ কোটি টাকা থেকে ১১১.১৮ কোটি টাকা বা ৩২.৫৪ শতাংশ বেশী। ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত দণ্ডরভিত্তিক বন্ডেড ওয়্যারহাউজের সংখ্যা সারণী-৮০ এ এবং ২০১০-১১ অর্থবছর ও ২০১২-১৩ অর্থবছরে বন্ডেড ওয়্যারহাউজ থেকে আদায়কৃত রাজস্ব তথ্য সারণী-৮১ এ দেখানো হয়েছে।


৪। স্থানীয় পর্যায়ের রাজস্ব :

লক্ষ্যমাত্রা ও আদায়

২০১২-১৩ অর্থবছরে স্থানীয় পর্যায়ে রাজস্ব (মূসক+সম্পূরক শুল্ক+টার্ণওভার কর+আবগারী শুল্ক) লক্ষ্যমাত্রা ছিল ৪০,৪০০.০০ কোটি টাকা এবং আদায় হয়েছে ৩৯,১২৮.৭৬ কোটি টাকা। অর্থাৎ লক্ষ্যমাত্রার চেয়ে ১,২৭১.২৪ কোটি টাকা বা ৩.১৫ শতাংশ কম আদায় হয়েছে। লক্ষ্যমাত্রা অর্জনের হার ৯৬.৮৫ শতাংশ। এ আদায় ২০১১-১২ অর্থবছরের আদায় ৩৪৫৭২.৬৩ কোটি টাকা থেকে ৪,৫৫৬.১৩ কোটি টাকা বা ১৩.১৮ শতাংশ বেশী (সারণী-১৩) এবং ২০১২-১৩ অর্থবছরে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আদায়কৃত মোট রাজস্বের ৩৫.৮৫ শতাংশ (সারণী-৬) ও মোট পরোক্ষ করের (৭১৪৪১.২৭ কোটি টাকা) ৫৪.৭৭ শতাংশ।

দণ্ডরভিত্তিক রাজস্ব


স্থানীয় পর্যায়ে ২০১২-১৩ অর্থবছরে সর্বাধিক রাজস্ব আদায় করেছে বৃহৎ করদাতা ইউনিট (মূসক) ঢাকা। এ দণ্ডের ২৫,০৬৯.৫৭ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে আদায় করেছে ২১,৫৫২.৬২ কোটি টাকা। লক্ষ্যমাত্রার চেয়ে ৩,৫১৬.৯৫ কোটি টাকা কম আদায় করেছে। লক্ষ্যমাত্রা অর্জনের হার ৮৫.৯৭ শতাংশ। এ আদায় স্থানীয় পর্যায়ে আদায়কৃত মোট রাজস্বের ৫৫.০৮ শতাংশ এবং মোট পরোক্ষ করের ৩০.১৭ শতাংশ। স্থানীয় পর্যায়ে রাজস্ব আদায়ে দ্বিতীয় অবস্থানে আছে শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, চট্টগ্রাম। এ কমিশনারেট ৪,০৭৭.৮৮ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে আদায় করেছে ৫,৫০৬.২১ কোটি টাকা। লক্ষ্যমাত্রার চেয়ে ১,৪২৮.৩৭ কোটি টাকা বেশী আদায় করেছে। লক্ষ্যমাত্রা অর্জনের হার ১৩৫.০৩ শতাংশ। এ আদায় স্থানীয় পর্যায়ে আদায়কৃত মোট রাজস্বের ১৪.০৭ শতাংশ। স্থানীয় পর্যায়ে রাজস্ব আদায়ের ক্ষেত্রে তৃতীয় অবস্থানে আছে শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা। এ কমিশনারেট ৩,৬৬৪.১৪ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে আদায় করেছে ৪,৭০৯.৭০ কোটি টাকা। লক্ষ্যমাত্রার চেয়ে এ দণ্ডের ১,০৪৫.৫৬ কোটি টাকা বেশী আদায় করেছে। লক্ষ্যমাত্রা অর্জনের হার ১২৮.৫৩ শতাংশ এ আদায় স্থানীয় পর্যায়ে আদায়কৃত মোট রাজস্বের ১২.০৪ শতাংশ। ২০১২-১৩ অর্থবছরে কমিশনারেটভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায় তথ্য সারণী-৮২ তে দেখানো হয়েছে এবং মোট রাজস্বে কমিশনারেটভিত্তিক অবদান লেখচিত্র-১৮ তে দেখানো হয়েছে।




খাতভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায়

২০১২-১৩ অর্থবছরে স্থানীয় পর্যায়ে রাজস্ব লক্ষ্যমাত্রা ৮০,৮০০ কোটি টাকার মধ্যে আবগারী শুল্কের লক্ষ্যমাত্রা ৯৯৭.১০ কোটি টাকা, মূল্য সংযোজন করের (স্থানীয় পর্যায়ে) লক্ষ্যমাত্রা ২৪,৬২৮ কোটি টাকা, সম্পূরক শুল্কের (স্থানীয় পর্যায়ে) লক্ষ্যমাত্রা ১৪,৭৬৮.৯৯ কোটি টাকা এবং টার্ণওভার কর এর লক্ষ্যমাত্রা ছিল ৫.৯১ কোটি টাকা। স্থানীয় পর্যায়ে আদায়কৃত রাজস্ব ৩৯,১২৮.৭৬ কোটি টাকার মধ্যে আবগারী শুল্ক আদায় হয়েছে ৭৭২.৫৩ কোটি টাকা, মূল্য সংযোজন কর ২৬,৩৬৭.২৪ কোটি টাকা, সম্পূরক শুল্ক ১১,৯৮৫.২৯ কোটি টাকা এবং টার্ণওভার কর আদায় হয়েছে ৩.৬৮ কোটি টাকা। ২০১২-১৩ অর্থবছরে স্থানীয় পর্যায়ে মোট রাজস্ব লক্ষ্যমাত্রার খাতভিত্তিক শতকরা হার লেখচিত্র-১৯ এ এবং মোট আদায়ের খাতভিত্তিক শতকরা হার লেখচিত্র-২০ এ দেখানো হয়েছে।

লেখচিত্র-১৯ : স্থানীয় পর্যায়ে রাজস্বের মোট লক্ষ্যমাত্রার খাতভিত্তিক শতকরা হার



লেখচিত্র-২০ : স্থানীয় পর্যায়ে রাজস্বের মোট আদায়ের খাতভিত্তিক শতকরা হার



২০১২-১৩ অর্থবছরে কমিশনারেটভিত্তিক বিভিন্ন খাতের লক্ষ্যমাত্রা, আদায় এবং লক্ষ্যমাত্রা ও আদায়ের পার্থক্য (হাস/বৃদ্ধি) সারণী-৮৩ তে দেখানো হয়েছে। এছাড়া ২০১২-১৩ অর্থবছরে স্থানীয় পর্যায়ে রাজস্বের খাতভিত্তিক মাসিক লক্ষ্যমাত্রা, আদায়, লক্ষ্যমাত্রা অর্জনের হার এবং লক্ষ্যমাত্রা ও আদায়ের পার্থক্য (হাস/বৃদ্ধি) সারণী-৮৪ তে দেখানো হয়েছে। ২০১২-১৩ অর্থবছরে স্থানীয় পর্যায়ে কমিশনারেটওয়ারী মাসভিত্তিক রাজস্ব লক্ষ্যমাত্রা ও আদায় তথ্য সারণী-৮৫ তে, কমিশনারেটওয়ারী আবগারী শুল্কের মাসভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায় সারণী-৮৬ তে, মূল্য সংযোজন করের মাসভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায় সারণী-৮৭ তে, সম্পূরক শুল্কের মাসভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায় সারণী-৮৮ তে এবং টার্নওভার করের মাসভিত্তিক লক্ষ্যমাত্রা ও আদায় সারণী-৮৯ তে দেখানো হয়েছে।

পণ্য ও সেবাভিত্তিক আদায়

২০১২-১৩ অর্থবছরে সর্বাধিক রাজস্ব ৯,৯৩০.৮৯ কোটি টাকা আদায় হয়েছে সিগারেট থেকে, দ্বিতীয় স্থানে রয়েছে সকল প্রকার টেলিফোন ও সিমকার্ড থেকে আদায়কৃত রাজস্ব ৫,২৩০.১৭ কোটি টাকা। তৃতীয় স্থানে রয়েছে নির্মাণ সংস্থা এবং এ খাত থেকে আদায়কৃত রাজস্বের পরিমাণ ৪,৪৯৫.২৯ কোটি টাকা। ২০১২-১৩ অর্থবছরে স্থানীয় পর্যায়ে উল্লেখযোগ্য পণ্য ও সেবা খাত থেকে আদায়কৃত রাজস্ব ও মোট আদায়ের শতকরা হার সারণী-৯০ তে দেখানো হয়েছে এবং ২০১২-১৩ অর্থবছরে স্থানীয় পর্যায়ের প্রধান ১০টি পণ্য ও প্রধান ১০টি সেবা খাতে আদায় এবং স্থানীয় পর্যায়ের পণ্য খাতের মোট আদায়ের ও সেবা খাতের মোট আদায়ের শতকরা হার যথাক্রমে সারণী-৯১ তে ও সারণী-৯২ এ দেখানো হয়েছে। ২০১২-১৩ অর্থবছরে কমিশনারেটওয়ারী স্থানীয় পর্যায়ের আবগারী শুল্ক, মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্কের পণ্য ও সেবাভিত্তিক আদায় তথ্য সারণী-৯৩ এ দেখানো হয়েছে। এছাড়া ২০১২-১৩ অর্থবছরে বিভিন্ন কমিশনারেটের প্রধান ১০টি পণ্য এবং প্রধান ১০টি সেবা খাতের নিবন্ধিত প্রতিষ্ঠানের সংখ্যা এবং রাজস্ব আদায় সংক্রান্ত তথ্য সারণী-৯৪ এ দেখানো হয়েছে।

উৎসে কর্তন

২০১২-১৩ অর্থবছরে স্থানীয় পর্যায়ে মূল্য সংযোজন কর উৎসে কর্তনের মোট পরিমাণ ছিল ৯,১১৮.৫২ কোটি টাকা, যা স্থানীয় পর্যায়ে মূসক খাতে মোট আদায়ের (২৬,৩৬৭.২৬ কোটি টাকা) ৩৪.৫৮ শতাংশ এবং স্থানীয় পর্যায়ে সর্বমোট আদায়ের (৩৯,১২৮.৭৬ কোটি টাকা) ২৩.৩০ শতাংশ। মূসক উৎসে কর্তনের প্রধান ৫টি খাত হল নির্মাণ সংস্থা, অগ্রিম ট্রেড ভ্যাট (এটিভি), বাণিজ্যিক আমদানিকারক, যোগানদার, ও ইজারাদার। নির্মাণ সংস্থা খাতে আদায় হয়েছে ৪,২৯৭.৫৮ কোটি টাকা (যা মোট উৎস কর্তনের ৪৭.১৩ শতাংশ), অগ্রিম ট্রেড ভ্যাট (এটিভি) খাতে আদায় হয়েছে ৬৬৪.০৫ কোটি টাকা (যা মোট উৎস কর্তনের ৭.২৮ শতাংশ), বাণিজ্যিক আমদানিকারক খাতে আদায় হয়েছে ১৯২৭.৯৭ কোটি টাকা (যা মোট উৎস কর্তনের ২১.৪৫ শতাংশ), যোগানদার খাতে আদায় হয়েছে ৮৯১.৫৯ কোটি টাকা (যা মোট উৎস কর্তনের ৯.৭৮ শতাংশ) এবং ইজারাদার খাতে আদায় হয়েছে ২২৫.৮১ কোটি টাকা (যা মোট উৎস কর্তনের ২.৪৮ শতাংশ)। ২০১২-১৩ অর্থবছরে প্রত্যেক কমিশনারেটের প্রধান ৫টি মূসক উৎসে কর্তনের খাতসহ মোট উৎসে কর্তনের পরিমাণ সারণী-৯৫ এ দেখানো হয়েছে।

মূল্য সংযোজন কর সংক্রান্ত মামলা

২০১২-১৩ অর্থবছরে শুল্ক, আবগারী ও মূসক কর্তৃপক্ষের অধীনে দায়েরকৃত মূল্য সংযোজন কর সংক্রান্ত মামলার সংখ্যা ছিল ১,৬৮৮টি। উদ্ঘাটিত ফাঁকিকৃত রাজস্বের পরিমাণ ৪৯০১.৩৩ কোটি টাকা, আরোপিত অর্থ দণ্ডের পরিমাণ ৮৬.২৬ কোটি টাকা। এর মধ্যে অনিয়ম মামলার সংখ্যা ১,০৮৫টি ও উদ্ঘাটিত ফাঁকিকৃত রাজস্বের পরিমাণ ১৮৫.৮৭ কোটি টাকা, করফাঁকি মামলার সংখ্যা ৩৩৬টি ও উদ্ঘাটিত ফাঁকিকৃত রাজস্বের পরিমাণ ৪৬৬২.৪৬ কোটি টাকা এবং আটক মামলার সংখ্যা ২৬৭টি ও উদ্ঘাটিত ফাঁকিকৃত রাজস্বের পরিমাণ ৫৩.০০ কোটি টাকা। মামলা সংশ্লিষ্ট মোট আদায়কৃত রাজস্বের পরিমাণ ১২২.৫৯ কোটি টাকা। এর মধ্যে ফাঁকিকৃত রাজস্ব আদায়ের পরিমাণ ৭৪.২৯ কোটি টাকা এবং আদায়কৃত অর্থ দণ্ডের পরিমাণ ৪৮.৩০ কোটি টাকা (সারণী-৯৬)।

প্রধান আটক পণ্য

২০১২-১৩ অর্থবছরে মূল্য সংযোজন কর (স্থানীয় পর্যায়ে) সংশ্লিষ্ট আটক পণ্যের মধ্যে ইন্টেরিয়ার ডেকোরেশন (জিপসাম কার্ড) বিভিন্ন মডেলের লিড এসিড ব্যাটারি, ডি-৩২ করডাস্টের তার, টাটা ট্রাক চেসিস এল, পি, টি -২৫১৬ টিসি ক্যাব, বিড়ি, প্লাস্টিক দানা, বডি সেক্স কোবরা, সুপার ম্যাঙ্ক ফোম, অগ্রত বাল চানচুর ৩০ গ্রাম প্যাকেট অগ্রত জলপাই চাটনি, টায়ার (বিভিন্ন সাইজের), ২১” কালার টিভি সামগ্রী ইত্যাদি প্রধান। ২০১২-১৩ অর্থবছরে আটক প্রধান ১০টি পণ্য এবং প্রত্যেক কমিশনারেট কর্তৃক আটক প্রধান ১০টি পণ্যের বিবরণী যথাক্রমে সারণী-৯৭ এ ও সারণী-৯৮ এ দেখানো হয়েছে।

নিরীক্ষা

২০১২-১৩ অর্থবছরে নিরীক্ষিত প্রতিষ্ঠানের সংখ্যা ২০৫টি। এর মধ্যে উৎপাদন প্রতিষ্ঠান ১৩২টি, সেবা প্রতিষ্ঠান ৬৭টি এবং ব্যবসায়ী প্রতিষ্ঠান ৬টি। উদ্ঘাটিত ফাঁকিকৃত রাজস্বের পরিমাণ ১৬৯.৩৬ কোটি টাকা। ৩৪.১৯ কোটি টাকা রাজস্ব ফাঁকি উদ্ঘাটিত হয়েছে সেবা প্রতিষ্ঠান থেকে, ১৩৪.৮৮ কোটি টাকা রাজস্ব ফাঁকি উদ্ঘাটিত হয়েছে উৎপাদন প্রতিষ্ঠান থেকে এবং ০.২৯ কোটি টাকা রাজস্ব ফাঁকি উদ্ঘাটিত হয়েছে ব্যবসায়ী প্রতিষ্ঠান থেকে। ২০১২-১৩ অর্থবছরে নিরীক্ষার সাথে সংশ্লিষ্ট আদায়কৃত রাজস্ব ০.৩৬ কোটি টাকার মধ্যে ০.২৩ কোটি টাকা আদায় হয়েছে উৎপাদন প্রতিষ্ঠান থেকে এবং বাকী ০.১৩ কোটি টাকা আদায় হয়েছে সেবা প্রতিষ্ঠান থেকে। ২০১২-১৩ অর্থবছরের দপ্তরভিত্তিক নিরীক্ষা তথ্য সারণী-৯৯ এ তে দেখানো হয়েছে।

বকেয়া রাজস্ব

২০১২-১৩ অর্থবছর পর্যন্ত স্থানীয় পর্যায়ে বকেয়া রাজস্বের পরিমাণ ছিল ১২৪৭০.২৮ কোটি টাকা। এর মধ্যে হাইকোর্টে বিচারাধীন মামলায় জড়িত বকেয়া রাজস্বের পরিমাণ ১০,৫৮৭.৫২ কোটি টাকা সহ আপীলাত ট্রাইবুনাল, আপীল কমিশনারেট, সার্টিফিকেট মামলা ও সুপ্রিমকোর্টে বিচারাধীন মামলায় জড়িত মোট বকেয়া রাজস্বের পরিমাণ ৯৫১.৫১ কোটি টাকা। মামলা নেই এমন বকেয়া রাজস্বের পরিমাণ ছিল ৯৩৯.০১ কোটি টাকা। উল্লেখিত বকেয়া রাজস্বের মধ্যে উৎপাদন খাতে বকেয়ার পরিমাণ ৩,৮৯৪.৬০ কোটি টাকা, সেবা খাতে বকেয়ার পরিমাণ ৮,০১৪.৫৯ কোটি টাকা ও ব্যবসায়ী পর্যায়ে ৫৬১.০৯ কোটি টাকা। ২০১২-১৩ অর্থবছরে আদায়কৃত বকেয়া রাজস্বের পরিমাণ ছিল ১,৬৬৫.৪২ কোটি টাকা। এর মধ্যে উৎপাদন পর্যায়ে আদায় হয়েছে ৫০.৩৪ কোটি টাকা, সেবা পর্যায়ে ১,২৯৭.৭৯ কোটি টাকা ও ব্যবসায়ী পর্যায়ে ৩১৭.২৯ কোটি টাকা। ২০১২-১৩ অর্থবছরে কমিশনারেটভিত্তিক বকেয়া রাজস্ব পরিস্থিতি সারণী-১০০ এ দেখানো হয়েছে।

নিবন্ধন ও দাখিলপত্র পেশ

২০১২-১৩ অর্থবছর পর্যন্ত মূল্য সংযোজন কর নিবন্ধনের সংখ্যা ৫,৮২,৩৭৯ টি। এর মধ্যে উৎপাদনকারী প্রতিষ্ঠান ৪৫,৪১৬ টি, সেবা প্রদানকারী প্রতিষ্ঠান ২,৭৪,৯৭৪ টি এবং ব্যবসায়ী প্রতিষ্ঠান ২,৬১,৯৮৯ টি। এছাড়া টার্ণওভার কর এবং কুটির শিল্পে তালিকাভুক্ত প্রতিষ্ঠানের সংখ্যা যথাক্রমে ১৬,৬২২ টি ও ৫৭১ টি। নিবন্ধিত ও তালিকাভুক্ত প্রতিষ্ঠানের মোট সংখ্যা ৫,৯৯,৫৭২ টি। ২০১২-১৩ অর্থবছর পর্যন্ত নিবন্ধন ও তালিকা বাতিলকারী প্রতিষ্ঠানের সংখ্যা ১৫,৬০৮ টি, যার মধ্যে উৎপাদনকারী প্রতিষ্ঠান ১,৫০২ টি, সেবাপ্রদানকারী প্রতিষ্ঠান ৬,৯৬৫ টি, ব্যবসায়ী প্রতিষ্ঠান ২,৬৬৫ টি। তালিকাভুক্ত প্রতিষ্ঠানের মধ্যে ৪,৩৭৬ টি টার্ণওভার কর প্রদানকারী প্রতিষ্ঠান এবং ১০০টি কুটির শিল্প প্রতিষ্ঠানের তালিকা বাতিল হয়েছে। ২০১২-১৩ অর্থবছরে দাখিলপত্র পেশকারী প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ১,২৬,১৩৩ টি, এর মধ্যে উৎপাদনকারী প্রতিষ্ঠানের সংখ্যা ১৯,২৩৬ টি, সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সংখ্যা ৬৮,৬৪৬ টি এবং ব্যবসায়ী প্রতিষ্ঠানের সংখ্যা ৩৮,২৫১টি (সারণী-১০১)। ২০১২-১৩ অর্থবছরে মোট নিবন্ধিত প্রতিষ্ঠানের ২১.৬৬ শতাংশ প্রতিষ্ঠান দাখিলপত্র পেশ করেছে। মোট নিবন্ধিত প্রতিষ্ঠানের মধ্যে ৩.৩০ শতাংশ উৎপাদনকারী প্রতিষ্ঠান, ১১.৭৯ শতাংশ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান এবং ৬.৫৭ শতাংশ ব্যবসায়ী প্রতিষ্ঠান দাখিলপত্র পেশ করেছে। মোট নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠানের মধ্যে ৪২.৩৬ শতাংশ উৎপাদনকারী প্রতিষ্ঠান, মোট নিবন্ধিত সেবাপ্রদানকারী প্রতিষ্ঠানের মধ্যে ২৪.৯৬ শতাংশ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান এবং মোট নিবন্ধিত ব্যবসায়ী প্রতিষ্ঠানের মধ্যে ১৪.৬০ শতাংশ ব্যবসায়ী প্রতিষ্ঠান দাখিলপত্র পেশ করেছে।

প্রত্যর্পণ

২০১২-১৩ অর্থবছরে রঞ্জনিকারকগণকে রঞ্জনীর বিপরীতে মোট ৭২.৯০ কোটি টাকা প্রত্যর্পণ হিসেবে পরিশোধ করা হয়েছে। উল্লিখিত প্রত্যর্পণকৃত অর্থের মধ্যে শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদণ্ড (ডেডে) কর্তৃক পরিশোধ করা হয়েছে ৮৮.৪৮ কোটি টাকা এবং বিভিন্ন বাণিজ্যিক ব্যাংক কর্তৃক পরিশোধ করা হয়েছে ০.০০ কোটি টাকা। ২০১১-১২ অর্থবছরে পরিশোধিত ১০৬.০৮ কোটি টাকার তুলনায় ২০১২-১৩ অর্থবছরে ১৭.৬০ কোটি টাকা অর্থাৎ ১৬.৫৯ শতাংশ কম প্রত্যর্পণ পরিশোধ করা হয়েছে। ২০০৭-০৮ অর্থবছর হতে ২০১২-১৩ অর্থবছরের প্রত্যর্পণ পরিশোধের বিবরণ সারণী-১০২ এ দেখানো হয়েছে।

০৫। আপীল মামলার তথ্য

২০১২-১৩ অর্থবছরে দায়েরকৃত আপীল মামলার সংখ্যা ১,৩৮৬ টি এবং জড়িত রাজস্বের পরিমাণ ১৩৪.৮১ কোটি টাকা। এর মধ্যে কাস্টমস্ সংক্রান্ত মামলার সংখ্যা ১,৩১০ টি এবং জড়িত রাজস্বের পরিমাণ ১১৪.৭৫ কোটি টাকা এবং মূল্য সংযোজন কর সংক্রান্ত মামলার সংখ্যা ১৩৭ টি এবং জড়িত রাজস্বের পরিমাণ ৯৪.৩৫ কোটি টাকা। ২০১১-১২ অর্থবছরে দায়েরকৃত আপীল মামলার সংখ্যা ছিল ১,৩৬৯ টি এবং জড়িত রাজস্বের পরিমাণ ৩২১.৪৮ কোটি টাকা। এর মধ্যে কাস্টমস্ সংক্রান্ত মামলার সংখ্যা ছিল ১,২৭২ টি এবং জড়িত রাজস্বের পরিমাণ ছিল ২৩২.১৬ কোটি টাকা এবং মূল্য সংযোজন কর সংক্রান্ত মামলার সংখ্যা ছিল ৯৭ টি এবং জড়িত রাজস্বের পরিমাণ ছিল ৮৯.৩২ কোটি টাকা।

২০১২-১৩ অর্থবছরে ২,০৪৮ টি আপীল মামলা নিষ্পন্ন হয়েছে। নিষ্পন্নকৃত আপীল মামলার সাথে জড়িত রাজস্বের পরিমাণ ৩৬৩.৪৯ কোটি টাকা। এর মধ্যে কাস্টমস্ সংক্রান্ত মামলা ছিল ১,৯৬৯ টি এবং জড়িত রাজস্বের পরিমাণ ছিল ২৯০.০৯ কোটি টাকা এবং মূল্য সংযোজন কর সংক্রান্ত মামলা ছিল ৭৯ টি এবং জড়িত রাজস্বের পরিমাণ ৭৩.৪০ কোটি টাকা। ২০১১-১২ অর্থবছরে নিষ্পন্নকৃত আপীল মামলার সংখ্যা ১,৫৪৪ টি এবং জড়িত রাজস্বের পরিমাণ ৩০১.২৭ কোটি টাকা। এর মধ্যে কাস্টমস্ সংক্রান্ত মামলার সংখ্যা ১,৪৩৪ টি এবং জড়িত রাজস্বের পরিমাণ ২১৮.৩৭ কোটি টাকা এবং মূল্য সংযোজন কর সংক্রান্ত মামলা ১১০ টি এবং জড়িত রাজস্বের পরিমাণ ৮২.৯০ কোটি টাকা। ২০১২-১৩ অর্থবছর শেষে অনিষ্পন্ন আপীল মামলার সংখ্যা ছিল ৩২৮ টি এবং জড়িত রাজস্বের পরিমাণ ৪৪.১৬ কোটি টাকা। এর মধ্যে কাস্টমস্ সংক্রান্ত মামলার সংখ্যা ২৭০ টি এবং জড়িত রাজস্বের পরিমাণ ২৩.২১ কোটি টাকা এবং মূল্য সংযোজন কর সংক্রান্ত মামলার সংখ্যা ৫৮ টি এবং জড়িত রাজস্বের পরিমাণ ২০.৯৫ কোটি টাকা। ২০১১-১২ এবং ২০১২-১৩ অর্থবছরের আপীল মামলা সংক্রান্ত তথ্য সারণী-১০৩ এ, কাস্টমস্ সংক্রান্ত আপীল মামলার তথ্য সারণী-১০৩(ক) এ এবং মূল্য সংযোজন কর সংক্রান্ত আপীল মামলার তথ্য সারণী-১০৩(খ) এ দেখানো হয়েছে। উল্লেখ্য, জড়িত রাজস্বের পরিমাণের মধ্যে পিএসআই সংশ্লিষ্ট মামলায় জড়িত রাজস্বের পরিমাণ অর্তভুক্ত হয়নি।

০৬। প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম

পরোক্ষ কর সম্পর্কিত কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে শুল্ক, আবগারী ও মূসক ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম নানা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে থাকে। ২০১২-১৩ অর্থবছরে একাডেমী নিজস্ব বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান ছাড়াও পিএসআই চুক্তির আওতায় পিএসআই কোম্পানী কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করেছে। একাডেমীর নিজস্ব বিষয়ভিত্তিক প্রশিক্ষণের মধ্যে রয়েছে ১৫১ জন সহকারী কমিশনার (প্রশিক্ষণার্থী) এর বিভাগীয় বুনিয়াদী প্রশিক্ষণ কোর্স। পিএসআই কোম্পানী কর্তৃক পরিচালিত কাস্টমস্ ভ্যালুয়েশন ও পোষ্ট ক্লিয়ারেন্স অডিট, রিফ্রেশার্স কোর্স অন ভ্যাট অডিট, রিফ্রেশার্স কোর্স অন ভ্যাট রিটার্নস, রিফ্রেশার্স কোর্স অন কাস্টমস ক্লাসিফিকেশন, Asycuda World e-Manifest Submission বিষয়ে ০৯ টি প্রশিক্ষণ কোর্সে ১৯৮ সহকারী কমিশনার, রাজস্ব কর্মকর্তা এবং জন সহকারী রাজস্ব কর্মকর্তাকে এই একাডেমীতে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ২০১২-১৩ অর্থবছরে শুল্ক, আবগারী ও মূসক ট্রেনিং একাডেমী কর্তৃক সম্পাদিত কার্যক্রম সারণী-১০৪ এ দেখানো হয়েছে।

০৭। পরোক্ষ কর আদায়ে প্রশাসনিক ব্যয় :

২০১২-১৩ অর্থবছরে পরোক্ষ কর আদায় হয়েছে ৭১,৪৪১.২৭ কোটি টাকা এবং এ আদায় বাবদ প্রশাসনিক ব্যয় হয়েছে (পিএসআই ফি পরিশোধ ও ব্যান্ডরোল/ ষ্ট্যাম্প মুদ্রণ ব্যয় ব্যতীত) ৪৬০.৫৪ কোটি টাকা। এ ক্ষেত্রে প্রতি ১০০ টাকা রাজস্ব আদায়ে প্রশাসনিক ব্যয় হয়েছে ০.৬৪ টাকা। উল্লেখ্য, পরোক্ষ করের ক্ষেত্রে পিএসআই ফি পরিশোধ বাবদ ব্যয় ২২৯.৯৫ কোটি টাকা এবং ষ্ট্যাম্প ও ব্যান্ডরোল মুদ্রণ বাবদ ব্যয় ৯০.০০ কোটি টাকা যোগ করা হলে মোট প্রশাসনিক ব্যয় দাঁড়ায় ৭৮০.৪৯ কোটি টাকা। সেক্ষেত্রে প্রতি ১০০ টাকা রাজস্ব আদায়ে ব্যয়ের পরিমাণ দাঁড়ায় ১.০৯ টাকা [সারণী-২০ (ক)]।